plaintiffs' mother died before the death of their father, they became the 16 annas owner of the suit plot. After the death of the plaintiffs' father, they also executed and registered three powers of attorney in favour of Eastern Housing Limited keeping in tact the terms on which their father gave the powers of attorney for constructing the commercial building and Eastern Housing Limited has been possessing the suit plot on behalf of the plaintiffs on the basis of the power of attorney. Since defendant No.1 claimed ownership of the suit plot through defendant No.2 (another Shamsul Kabir Humayun Reza) denying the plaintiffs' father as the actual Shamsul Kabir Humayun Reza, they approached the Ward Commissioner of Ward No.53 for giving a certificate to the effect that they were the heirs of actual Shamsul Kabir Humayun Reza. The Ward Commissioner himself enquired the matter physically on the spot (সরে জমিনে) and found that the plaintiffs were the heirs of actual late Engineer Shamsul Kabir Humayun Reza and issued a certificate of heirs-ship "ওয়ারিশান সার্টিফিকেট" on 16-3-2004. In the meantime, on 18-3-2004, the plaintiffs through their attorney, Eastern Housing Limited, could know about the filing of Title Suit No.51 of 2004 in the Court of First Joint District Judge, Dhaka by defendant No.1 MA Hashem on 8-2-2004, i.e. 6(six) days after the death of their father for Specific Performance of Contract on the basis of a bainapatra dated 29-12-2002 created by using the name of their father late Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar through a fake person showing his address at House No.31, Lane No.2, Section 6/A, Mirpur (The plaintiffs' father died on 2-2-2004) showing the value of the suit plot at Taka 1,65,00,000 (one crore sixty five lakh) only though it was valued at Taka 15,00,00,000 (fifteen crore). On coming to know about the filing of the said suit (Title Suit No.51 of 2004) by defendant No.1, the plaintiffs as the heirs of late Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar filed an application on 20-3-2004 under Order I, rule 10 of the Code of Civil Procedure. In the meantime, Mr M Kutubuddin, learned Advocate for the plaintiffs on going through the record of the suit (Title Suit No.51 of 2004) found that the service return of summons of the suit on defendant No.1 (Shamsul Kabir Humayun Reza of Mirpur) had not been filed with the record. In the circumstances, the plaintiffs' learned Advocate enquired the matter in the nejarat and found that summons of the suit had been shown to have been served upon defendant No.1, i. e. fake Shamsul Kabir Humayun Reza of Mirpur on 29-3-2004 by the process server, Mehedi Hassan, in presence of the witnesses mentioned in the service return. However, the learned Advocate for the plaintiffs collected a photostat copy of the service return from the process server, Md Mehedi Hasan, from where it was found that at the time of service of the summons upon defendant No.1, on 29-3-2004 (Shamsul Kabir Humayun Reza of Mirpur), he was shown alive and the summons was received by him by signing in his own hand. The learned Advocate of the plaintiffs approached the learned Advocate for defendant No.1 for giving him, the photostat copies of the documents filed in support of his case, i.e. in Title Suit No.51 of 2004 and then he gave him the photostat copies of the documents including the deed of agreement dated 29-12-2002 and the legal notice; on going through the documents supplied to their learned Advocate, the plaintiffs became sure that those were created fraudulently in a very tactful manner (অত্যন্ত সুকৌশলে). An officer of the plaintiffs' attorney, Eastern Housing Limited went to the address of defendant No.2 of the instant suit, who is defendant No.1 of Title Suit No.51 of 1984, on 25-4-2004 and on enquiry could ascertain that it was a 3(three) storied (তিন তলা) building and the actual owner of the building was one Md Sekander Ali. On query Md Sekander Ali told that no one,

named Shamsul Kabir Humayun Reza (defendant No.2), lived in the house. Defendant No.1 (of the instant suit) filed Title Suit No.51 of 2004 for specific performance of contract by creating forged papers in order to grab the suit plot by using the name of the plaintiffs' father showing him a resident of Mirpur and got the summons served upon him. There was no existence of the witnesses mentioned in the service return of the summons of defendant No.1. The plaintiffs as the heirs of Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar filed Succession Case No.439 of 2004 in the Court of Joint District Judge, Third Court, Dhaka in order to withdraw the money left behind by their father and they proved that they were the actual heirs of Engineer Shamsul Kabir Humayun Reza. Accordingly, succession certificate was issued in their names on 18-5-2004 and they withdrew the money kept by their father in various banks and organizations without any objection from any quarters within the knowledge of defendant Nos.1-4.

7. The learned Joint District Judge, First Court, Dhaka on hearing the application of the plaintiffs dated 20-3-2004 for adding them as defendants in Title Suit No.51 of 2004 by his order dated 15-7-2004 substituted them as the heirs of fake Shamsul Kabir Humayun Reza, i.e. defendant No.1 instead of adding them as the heirs of late Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar although Shamsul Kabir Humayun Reza of Mirpur was alive till then. Against the order dated 15-7-2004 passed by the learned Joint District Judge, in Title Suit No.51 of 2004, the plaintiffs filed Civil Revision No.358 of 2004 before the District Judge, Dhaka. The learned Additional District Judge, Seventh Court, Dhaka who heard the revision application allowed the same and set-aside the order passed by the learned Subordinate Judge and added the plaintiffs as the defendants as the heirs of late Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar. Challenging the said order of the learned Additional District Judge, the plaintiffs of Title Suit No.51 of 2004 (defendant No.1 of the instant suit) filed Civil Revision No.4608 of 2004 before the High Court Division. The High Court Division by its judgment and order dated 18-7-2005 made the Rule absolute and rejected the application of the plaintiffs for adding them as defendants in their own capacity as the heirs of Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar and thus they remained in the suit as the heirs of fake Shamsul Kabir Humayun Reza of Mirpur as defendant Nos.1(a)-1(e). The plaintiffs' father late Engineer Shamsul Kabir Humayun Reza was the resident of 157, Bara Moghbazar and he always resided there permanently and he never resided at House No.31, Lane No.2, Section-6/A, Mirpur or in any other house and even not in the suit plot. Shamsul Kabir Humayun Reza, i.e. defendant No.2 of the instant suit (defendant No.1 in Title Suit No.51 of 2004) was an imaginary person created by defendant No.1 of the instant suit. Defendant No.1 in order to grab the suit plot through fraud and forgery created the bainapatra on 29-12-2002 showing defendant No.2 of the instant suit as his vendor. After obtaining the certified copy of the judgment of Civil Revision No.4608 of 2004, on 28-11-2005, Md Amjadul Haque, an officer of the plaintiffs' attorney, Eastern Housing Limited met defendant No.1 again and requested him either to withdraw Title Suit No.51 of 2004 filed by him or not to prosecute the same, but he refused to concede to the request and further told that he would prosecute the suit. On 26-2-2006, when Emdadul Haque, another employee of the plaintiffs' attorney went to RAJUK's office to enquire about the file of the suit plot, its Estate Officer handed over him the photostat copy of the plaint of Title Suit No.176 of 2004 of the same Court, i.e. the First Joint District Judge and the documents filed therewith (the suit was filed on 26-2-2006) and informed him that another fake Shamsul Kabir Humayun Reza filed

the said suit showing his address at the suit plot claiming to be its owner. The suit was filed as he failed to obtain permission from RAJUK to sell the suit plot to defendant No.4 on the basis of an agreement allegedly entered by him with defendant No.4 on 18-1-2004. Defendant Nos.2 and 3 are fake Shamsul Kabir Humayun Reza and none of them was the owner of the suit plot and was never in possession thereof and the bainapatras created by them were collusive, ineffective, illegal and were mere paper transactions. The bainapatras created by the said defendants were not binding upon the plaintiffs or their father late Engineer Shamsul Kabir Humayun Reza of Bara Moghbazar. The creation of two bainapatras by two fake Shamsul Kabir Humayun Reza and the other documents created cloud over the plaintiffs' title in the suit plot and also their parentage for which they were compelled to file the suit. The agreement dated 29-12-2002 being a forged one was not binding upon the plaintiffs and defendant No.1 was liable to be proceeded with under section 476 of the Code of Criminal Procedure after disposal of the suit for using the forged agreement in Court.

8. Defendant No.1, MA Hashem (hereinafter referred to as the defendant) contested the suit by filing a written statement denying the material statements made in the plaint and contending, *inter alia*, that the suit was not maintainable in its present form. The plaintiffs had no cause of action to file the suit and the same was also barred by limitation. The plaintiffs' father got allotment of the suit plot from the then DIT now RAJUK on 2-3-1962 vide Memo No.DIT/Gulshan/2409. Lease deed was executed and registered on 1-8-1962 being deed No.7194 and possession of the suit plot was delivered to him. The plaintiffs' father remained in possession of the suit plot by mutating his name and paying rents to the Government and also by opening holding number with the Dhaka City Corporation. The plaintiffs' father created a temporary structure on the suit plot and while he had been in possession thereof, he entered into an agreement with the defendant on 29-12-2002 for selling the same at Taka 1,65,00,000 and on receipt of a sum of Taka 35,00,000 in presence of the witness on the same date handed over the original deed of the suit plot to him on the condition that after obtaining permission from RAJUK and the other authorities, he would register the deed on receipt of the balance consideration. It was further agreed that the plaintiffs' father would pay the gain tax, stamp duty, registration fees and other expenses necessary for registration of the deed. RAJUK was informed about the said bainapatra on 6-1-2003. The defendant by a letter dated 1-8-2003 requested the plaintiffs' father to register the kabala quickly obtaining permission from RAJUK which was received by him on 3-8-2003. The plaintiffs' father by a letter dated 11-8-2003 informed the defendant that he could not take step for registration of the kabala for various physical and mental problems. He also requested the defendant to pay Taka 5,00,000 more and accordingly, the defendant paid him Taka 3,20,000 by a cheque dated 12-8-2003 which was duly encashed. But in spite of receipt of the said money (Taka 3,20,000), the plaintiffs' father did not take any step for permission from RAJUK to sell the suit plot. As per terms of the agreement, the plaintiffs' father was supposed to register the deed before 28-12-2003 on receipt of the balance consideration, but he did not do so. In the circumstances, the defendant requested the plaintiffs' father on 29-12-2002 in presence of the witnesses to register the deed on receipt of the balance money, but he refused to register the deed. Thereafter, on 1-12-2003, the defendant through his lawyer sent a legal notice to the plaintiffs' father requesting him to execute and register the sale deed taking all necessary steps in the matter and on receipt of the balance consideration of Taka 1,26,80,000 which was duly

received by him on 3-12-2003. On 8-12-2003, the defendant could know that one Engineer Shamsul Kabir Humayun Reza in a notice dated 18-11-2003 published in the daily Janakantha stated that he did not enter into any contract with any one for selling the suit plot and that he started construction work therein by obtaining a plan from RAJUK through a contract entered into with Eastern Housing Limited. The defendant did not know about the notice published by Engineer Shamsul Kabir Humayun Reza in the daily Janakantha dated 18-11-2003. However, subsequently, the defendant published a protest notice in the daily Janakantha on 10-12-2003 denying the contents of the notice dated 18-11-2003. But after publication of the protest notice, it was found that father's name of Shamsul Kabir Humayun Reza was mistakenly, (ভুল বশতঃ) written as only Md Hossain in place of Md Yeadul Hossain for which letter was written to the daily Janakantha to publish the father's name of Shamsul Kabir Humayun Reza correctly and accordingly, on 11-12-2003, corrigendum of the protest was published stating the father's name of Shamsul Kabir Humayun Reza as Md Yeadul Hossain. After publication of the protest notice, the defendant went to RAJUK and on seeing the record found that a plan was passed by it, but name and address of the person was not available in the record. Since the plaintiffs are the legal heirs of Shamsul Kabir Humayun Reza, they were bound by the terms of the bainapatra executed by their father. After the death of the plaintiffs' father, on 2-2-2004, they filed an application in Title Suit No.51 of 2004 on 20-3-2004 for adding them as defendants in the suit. The defendant who was the plaintiff of Title Suit No.51 of 2004 also filed a counter application in the suit supporting the application of the present plaintiffs to add them as defendants in the suit. The application was allowed on 15-7-2004. Against the said order, the plaintiffs (of the instant suit) filed Civil Revision No.358 of 2004 before the District Judge, Dhaka which was allowed. Against the said order allowing the civil revision, the defendant filed Civil Revision No.4608 of 2004 before the High Court Division. The Rule in the civil revision was made absolute and the judgment and order passed by the Additional District Judge, Seventh Court, Dhaka was set-aside and thus, the plaintiffs remained substituted as defendant Nos.1(a)-1(e) in place of defendant No.1 and got chance to contest Title Suit No.51 of 2004, so there was no necessity on the part of the plaintiffs to file the instant suit.

9. Defendant No.3, another Shamsul Kabir Humayun Reza, who also claimed to be the son of late Yeadul Hossain also filed a written statement to contest the suit. In his written statement, it was contended, *inter alia*, that the plaintiffs had no cause of action to file the suit and the suit was not maintainable in its present form. The suit was also barred by limitation. Defendant No.3 joined the then C & B department under the Ministry of Communications in 1952 as an Assistant Engineer and in 1960 was appointed as Executive Engineer (Design). While in service, the defendant applied to the then DIT now RAJUK to allot him a plot at Gulshan and on his application, he was allotted the suit plot vide allotment letter No.2409 dated 21-3-1962. After the defendant paid the price of the suit plot by installments, possession thereof was delivered to him and then the standard lease deed was executed and registered in his favour on 1-8-1962 being deed No.7198 and thus the defendant became the sixteen annas owner of the suit plot. Defendant No.3 mutated his name with the Government record, City Corporation and also recorded his name with the various utility services authorities, such as: electricity, WASA, Titas gas in respect of the suit plot and has been in possession thereof by paying rents, taxes and bills. In the last RS record and Metropolitan Survey, the suit plot was correctly recorded in the name of defendant No.3. The defendant applied to RAJUK on 25-1-1996 for permission to construct building

on the suit plot and accordingly, RAJUK gave him permission to construct a two storied building vide Memo No.4452 dated 29-10-1996. Defendant No.3 constructed a two storied building on the suit plot and started living there. He being in urgent need of money entered into a contract for selling the suit plot with defendant No.4, MNH. Bulu at Taka 2,35,00,000 (two crore thirty five lakh) and on receipt of a sum of Taka 5,00,000 as advance executed a bainapatra in his favour. The defendant applied to RAJUK on 18-2-2004 for sale permission of the suit plot, but RAJUK did not pay any heed to his said prayer. He sent four legal notices to defendant Nos.5-8(RAJUK and its officials) separately on 20-4-2004 which they received on 22-4-2004, but they did not reply to the notices. In the circumstances, the defendant was compelled to file Title Suit No.176 of 2004 in the same Court on 31-5-2004. On receipt of the summons of the said suit, the defendants appeared therein on 28-8-2004, but did not file any written statement for a long time and when the suit was fixed for ex-parte hearing suddenly on 8-3-2006, the defendants have filed written statement and are contesting the suit which is still pending for hearing. Defendant No.3 applied to the Parliamentary Standing Committee of the Ministry of Housing and Works for giving back possession of his house (the suit plot). On such application, a Sub-Committee was formed with Joynal Abedin Farooqui as its Convener and Chairman, RAJUK as its member Secretary and they were requested to take necessary steps in the matter. The Sub-Committee decided to hold a Commission in RAJUK's Building on 25-7-2004, but due to the terrorist activities of the plaintiffs, the next date was fixed on 28-7-2004 (Title Suit No.176 of 2004 was filed by the defendant on 31-5-2004). On the date, defendant No.3 appeared before the Sub-Committee and gave his statement, but none appeared on behalf of the plaintiffs and defendant No.1. After hearing the Commission decided that since defendant No.3 was a government servant, RAJUK would collect particulars as to his job from the concerned Department and then the Standing Committee would be informed about the decision of the sub-committee. On 16-9-2004, the Secretary, RAJUK requested the concerned section of the Ministry of Communications to send the information in respect of the service of defendant No.3. The Superintendent Engineer, Accounts Department (স ও জ) of the Ministry of Communications sent information on 5-3-2005 from where it appeared that defendant No.3, Shamsul Kabir Humayun Reza joined the Design Department-1 of C & B in project circle No.2 as Assistant Engineer on 19-8-1952 and was promoted to the post of Executive Engineer (Design Department) and Building project circle on 19-7-1960. From the report, it further appeared that the accounts maintained with the Department showed that defendant No.3 had withdrawn his salary and other allowances upto 18-8-1963. In the report, the address of defendant No.3 was shown at T-75, Railway Colony, Babupara, Sub-Division, Ishwardy. The report proved that the defendant was the actual Shamsul Kabir Humayun Reza and the plaintiffs' father, Shamsul Kabir Humayun Reza, was a fake person. The plaintiffs and defendant No.1 both claiming to be the heirs and "বায়না গৃহিতা" respectively of Shamsul Kabir Humayun Reza were conspiring to grab the property of defendant No.3, actual Shamsul Kabir Humayun Reza by resorting to forgery. The defendant paid the lease money to RAJUK and he was in his possession of the original letter of allotment of the suit plot, the receipts of the payment of installments against the suit plot, the letter of delivering possession of the suit plot, the original lease deed, the permission letter to undertake pucca construction on the suit plot, the approved plan and design. If the plaintiffs or their attorney filed any of the above-mentioned documents, those would be false and forged. The plaintiffs had no right, title and possession in the suit plot and it is the defendant who has been possessing the suit plot as the lessee of RAJUK himself and through his men. The plaintiffs, being

instigated (প্ররোচিত) and influenced (প্রভাবিত) by their attorney, Eastern Housing Limited, created some false and forged papers showing a fake Shamsul Kabir Humayun Reza as their father and then in collusion with defendant Nos.5-8 filed the false suit as a test case just to harass and cause financial loss to defendant No.3, actual Shamsul Kabir Humayun Reza.

10. Defendant Nos.5-8 (RAJUK and its officials) in their written statement contended, *inter alia*, that the suit plot was allotted to Engineer Shamsul Kabir Humayun Reza, the predecessor-in-interest of the plaintiffs by the then DIT and after he paid the installments against the plot, possession thereof was delivered to him. And then the lease deed was executed and registered on 1-8-1962 being deed No.7198 and the lessee after getting possession thereof took water, electricity and gas connection therein. The lessee also mutated his name in the concerned tahsil office and municipality and paid rents, taxes and other utility service bills. While the plaintiffs' predecessor-in-interest had been in possession of the suit plot, he applied to RAJUK for approving a plan and accordingly, a plan was approved. Then he constructed the building on the suit plot and remained in possession thereof through 'bharatias'. Subsequently, Engineer Shamsul Kabir Humayun Reza entered into an agreement with Eastern Housing Limited for making construction of a multistoried building on the suit plot after obtaining due permission from RAJUK and also appointed Eastern Housing Limited as his attorney by executing and registering a power of attorney on 21-12-2003 being No.15942 and delivered possession of the suit plot to it. Engineer Shamsul Kabir Humayun Reza died on 2-2-2004 while residing at 157, Bara Moghbazar owned by his wife leaving behind the plaintiffs as his two sons and 3(three) daughters and their names have been duly mutated with RAJUK as the lessees. Neither the original lessee, Engineer Shamsul Kabir Humayun Reza nor after his death, the plaintiffs entered into any contract with MNH Bulu or any body else for selling the suit plot and there was no proof of filing any such paper with RAJUK. MNH Bulu in order to grab the suit plot created an imaginary story of entering into an agreement with a fake Shamsul Kabir Humayun Reza as a lessee of RAJUK long after the death of Engineer Shamsul Kabir Humayun Reza on 2-2-2004 and got Title Suit No.176 of 2004 filed through him for getting permission to sell the suit plot to him. RAJUK has been contesting Title Suit No.176 of 2004 by filing written statement denying the statements made in the plaint and stating the actual facts. One MA Hashem, son of late Alhaj Abdul Aziz also filed Title Suit No.51 of 2004 in the same Court for specific performance of contract on the basis of a bainapatra impleading one Shamsul Kabir Humayun Reza as a lessee and others as defendants to grab the suit plot and RAJUK as defendant No.3 has been contesting the suit by filing written statement denying the material statements made in the plaint and stating actual facts. There was no existence of Shamsul Kabir Humayun Reza as claimed in the plaint of Title Suit Nos.176 of 2004 and 51 of 2004 with the record of RAJUK and Engineer Shamsul Kabir Humayun Reza, the predecessor-in-interest of the plaintiffs was the valid lessee of the suit plot and after his death on 2-2-2004, the same has been mutated in the name of the plaintiffs as its owners in the records of RAJUK and, in fact, they are the actual owners and are in possession thereof. RAJUK is the actual owner of the suit plot. No application was filed to RAJUK by the actual lessee for permission to sell the suit plot either to MNH Bulu of Title Suit No.176 of 2004 or MA Hashem of Title Suit No.51 of 2004.

11. The petitioner of CP No.1671 of 2011 who was defendant No.1 in Title Suit No.81 of 2006 filed Title Suit No.51 of 2004 in the same Court (Joint District Judge, First Court, Dhaka) for specific performance of contract impleading Shamsul Kabir Humayun Reza of House No.31,

Lane No.2, Section 6/A, Mirpur as principal defendant No.1 and one Mr Akhtaruzzaman, Director Eastern Housing Limited as principal defendant No.2, the Chairman, RAJUK and the People's Republic of Bangladesh, represented by the Deputy Commissioner, Dhaka as pro-forma defendant Nos.3 and 4 (although in law there is nothing as principal or pro-forma defendants).

12. In the plaint, it was stated, *inter alia*, that the then DIT now RAJUK allotted the suit plot to defendant No.1 vide allotment letter No.DIT/ Gulshan /2409 dated 2-3-1962 and the lease deed was registered between RAJUK and defendant No.1 on 1-8-1962 being deed No.7198 and possession of the suit plot was delivered to him. Defendant No.1 mutated the suit plot in his name and has been possessing the same in his own right, title and interest. Defendant No.1 constructed some temporary structures on the suit plot and paid rents and taxes regularly to the Government and also opened separate holding with Dhaka City Corporation. Defendant No.1 entered into an agreement with the plaintiff on 29-12-2002 for sale of the suit plot at a consideration of Taka 1,65,00,000 (Taka one crore sixty five lakh) only and a deed of agreement for sale was signed and executed on the said date on receiving Taka 35,00,000 only in cash as advance money. Defendant No.1 handed over all original documents to the plaintiff in presence of the witnesses. In the agreement, it was stipulated that defendant No.1 as the seller "shall apply for and obtain all necessary permission/clearance certificate" from RAJUK and to the other relevant authorities for sale of the suit plot in favour of the plaintiff and that the plaintiff will be responsible for payment of transfer fee to RAJUK, gain tax, stamp duty, registration fee and all other charges and incidental costs and expenses and the execution and registration of the sale deed by defendant No.1 shall be completed within one year and that the balance amount of Taka 1,30,00,000 only will be received by defendant No.1 from the plaintiff at the time of registration of the sale deed and that upon failure of defendant No.1 to execute and register the deed of sale in favour of the plaintiff, he shall be entitled to get the sale deed executed and registered through Court. The plaintiff informed RAJUK through its Deputy Director (Estate) by letter dated 6-1-2003 about transfer of the suit plot by defendant No.1 in his favour on the basis of the said deed of agreement for sale. The plaintiff by letter dated 1-8-2003 requested defendant No.1 to take immediate step for permission from RAJUK for registering the deed of sale in his favour. In response to the letter dated 1-8-2003, defendant No.1 informed the plaintiff by letter dated 11-8-2003 that due to physical and mental difficulties, he could not take appropriate steps for registration of the sale deed. By the said letter (11-8-2003), defendant No.1 asked the plaintiff to make further payment of Taka 5,00,000 (Taka five lakh) only against the said deed of agreement with the assurance that he would take appropriate step immediately and would also inform the plaintiff very soon thereabout. The plaintiff paid a further sum of Taka 3,20,000 (Taka three lakh twenty thousand) only to defendant No.1 vide cheque No.1279703 dated 12-8-2003 drawn on AB Bank Ltd. Principal Branch, Dhaka, the cheque was given through a covering letter dated 12-8-2008 wherein request was made by the plaintiff to the defendant to take all necessary steps immediately so that he could register the deed of sale in favour of the plaintiff within the schedule time, that is, by 28-12-2003. Defendant No.1 was further requested to inform the plaintiff about the steps taken by him in that regard. The cheque was duly encashed by defendant No.1, but unfortunately until 1st December, 2003, he did not inform the plaintiff anything about the steps taken by him for registration of the deed of sale specially with regard to obtaining sale permission from RAJUK. In the circumstances, the plaintiff issued a notice on 1-1-2003 to defendant No.1 through his lawyer requesting him to complete all formalities and obtain permission from RAJUK and to execute

legislation passed by the Legislature."

168. উপরোক্ত বৈচারিক মন্তব্য সমূহের আলোকে এ কথা নির্দ্বিধায় বলা যায় যে, দরখাস্তকারীগণের রীট মোকদ্দমাটি দায়েরের আইনগত অধিকার আছে। অধিকন্তু, তাঁদের অনেকেই সংক্ষুব্ধ ব্যক্তি হচ্ছেন; কেননা নির্বাচন কমিশন তর্কিত নিবন্ধনটি প্রদানের সময় দরখাস্তকারীগণের অনেকেই গণ-শুনানীতে অংশ গ্রহণ এবং দলিলাদি দাখিলক্রমে নিবন্ধনের বিরুদ্ধে জোরালো আপত্তি উত্থাপন করেছিলেন। অতএব, জনাব রাজ্জাকের রীট আবেদনকারীগণের রীট দরখাস্ত দাখিলের আইনগত অধিকার সম্পর্কে উত্থাপিত যুক্তি আদৌ গ্রহণযোগ্য নয়।

169. অত্র রুলটি শুনানীকালে জামায়াতে ইসলামীর গঠনতন্ত্রের ধারা ৫৯ ও ৬০-এর প্রতি আদালতের দৃষ্টি আকর্ষিত হয়েছে।

170. ধারা ৫৯-এ উল্লেখ করা হয়েছে যে, জামায়াতের প্রত্যেক সাংগঠনিক স্তরে 'বাইতুলমাল' থাকবে এবং ধারা ৬০-এ বায়তুলমালের আয়ের উৎস হিসেবে অন্যান্য উৎসের সঙ্গে 'যাকাত ও *উশর*' কথা উল্লেখ করা হয়েছে; যদিও বা উল্লেখ করা হয়েছে যে, শরীয়াত নির্ধারিত পন্থায় তা ব্যয় করা হবে।

171. ইসলামের দৃষ্টিতে *'যাকাত'* অন্যতম 'ফরজ' ইবাদত হিসেবে বিবেচিত।

172. কোন রাজনৈতিক দল-কে তাদের দলীয় তহবিল সংগ্রহ এবং দলীয় নেতা-কর্মীদের কল্যাণের লক্ষ্যে *'যাকাত'* ও *'উশর'* সংগ্রহ এবং এর ব্যয় অনুমোদন দেয়া যায় না। কারণ, প্রতিটি রাজনৈতিক দলকে যদি এ ধরনের যাকাত সংগ্রহের অনুমোদন দেয়া হয় তাহলে এক্ষেত্রে বিশৃংখলা সৃষ্টি হতে পারে। কেননা পবিত্র কুরআন অনুযায়ী যাকাত সংগ্রহ এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গও এর হকদার (সুরা তাওবাঃ আয়াত ৬০)। কোন রাজনৈতিক দল যেন *'যাকাত'* বা *'উশর'* এর অর্থ সংগ্রহের মাধ্যমে দলীয় তহবিল গঠন করতে না পারে এ বিষয়ে নির্বাচন কমিশনকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।

173. রীট আবেদনকারীগণের বিজ্ঞ আইনজীবী মিস তানিয়া আমীর ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে দখলদার পাকিস্তানী বাহিনী কর্তৃক গণহত্যা, লুণ্ঠন, নিরীহ সাধারণ মানুষের ঘরবাড়ি, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অগ্নি সংযোগ, ধর্ষণ এর কথা উল্লেখ পূর্বক নিবেদন করেন যে, জামায়াতে ইসলামী দলগতভাবে দখলদার পাক বাহিনীর ঐ সকল যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধ সমূহকে শুধুমাত্র রাজনৈতিক, সাংগঠনিক এবং নৈতিক সমর্থনই প্রদান করেনি, অধিকন্তু পাক বাহিনীকে সহযোগিতার জন্য শান্তি কমিটি এবং সশস্ত্র আলবদর, আলশাম্‌স, রাজাকার বাহিনী গঠন করে; এই সকল বাহিনী দখলদার পাকবাহিনীর সহযোগী বাহিনী হিসেবে গণহত্যা, লুণ্ঠন, ধর্ষণ, অগ্নিসংযোগ সহ সকল মানবতা বিরোধী অপরাধে সক্রিয় সহযোগিতা প্রদান এবং অংশ গ্রহণ করে। সশস্ত্র আলবদর বাহিনীর নেতৃত্বে ছিলেন ২ ও ৩ নং প্রতিবাদী। ঐ আল-বদর বাহিনীর মূল লক্ষ্যই ছিল বাঙালী বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, চিকিৎসক, সাহিত্যিক, আইনজীবীগণকে হত্যা করার মাধ্যমে বাঙালী জাতিকে মেধা শূন্য করা। মহান মুক্তিযুদ্ধে যে রাজনৈতিক দলটি রাজনৈতিক ও সাংগঠনিকভাবে সকল শক্তি দিয়ে পাক হানাদার বাহিনীর সকল মানবতা বিরোধী অপকর্মকে সমর্থন দিয়ে বাঙালী জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামকে বাধাগ্রস্ত করার জন্য সশস্ত্র বাহিনী গড়ে তুলেছিল সেই রাজনৈতিক দলটির নিবন্ধন প্রাপ্তি শুধু বিস্ময়করই নয়, তা মহান স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে আত্মদানকারী লক্ষ লক্ষ শহীদের ত্যাগের প্রতি চরম অবমাননা এবং বিশ্বাসঘাতকতা। মিস আমীর আরো নিবেদন করেন যে, দরখাস্তকারীগণের পক্ষ হতে এ বিষয়ে নির্বাচন কমিশনে গণ শুনানীকালে প্রয়োজনীয় দলিলাদি দাখিল (নির্বাচন কমিশন কর্তৃক দাখিলকৃত সম্পূরক হলফনামার সংযুক্তি ৮-৯) করা হয়েছিল এবং নির্বাচন কমিশন ঐ দলিলাদি সমূহ বিবেচনায় না নিয়ে তর্কিত নিবন্ধনটি প্রদান করে সংবিধানের অনুচ্ছেদ ৭-এর লঙ্ঘন করেছে। শুধু তাই নয়, তর্কিত নিবন্ধনটি প্রদানের মাধ্যমে জামায়াতে ইসলামীর বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে বিরোধীতাকেও বৈধতা ও স্বীকৃতি দেয়া হয়েছে। প্রজাতন্ত্রের মালিক যেহেতু জনগণ, সেই জনগণের প্রত্যাশার সম্পূর্ণ বিপরীত হলো তর্কিত নিবন্ধনটি। অতএব, নিবন্ধনটির সাংবিধানিক ও আইনগত কোন ভিত্তি থাকতে পারে না এবং তা বাতিলযোগ্য।

174. ১-৩ নং প্রতিবাদী পক্ষের বিজ্ঞ আইনজীবী জনাব রাজ্জাক উপরোক্ত বক্তব্যের প্রতিউত্তরে তাঁর মোয়াক্কেল কর্তৃক দাখিলকৃত হলফনামার অনুচ্ছেদ ৩০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে নিবেদন করেন যে, জামায়াতে ইসলামী বা দলের কোন সদস্য ১৯৭১-এ যুদ্ধাপরাধ বা মানবতা বিরোধী অপরাধের সাথে কখনই জড়িত ছিল না; জামায়াতে ইসলামীর বিরুদ্ধে আনীত উপরোক্ত অভিযোগসমূহ উদ্দেশ্য প্রণোদিত।

175. আলোচ্য রুলটি বিচারাধীন থাকা অবস্থায় মানবতা বিরোধী অপরাধে জড়িত থাকার অভিযোগে জামায়াতে ইসলামীর শীর্ষ কয়েকজন নেতা, যাদের মধ্যে ২ ও ৩নং প্রতিপক্ষও রয়েছেন, তাঁদের বিচার The International Crimes (Tribunals) Act, 1973 -এর অধীনে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে শুরু হয়েছে এবং ইতিমধ্যে ৩নং প্রতিপক্ষসহ বেশ কয়েকজন শীর্ষ নেতার বিরুদ্ধে 'মানবতা বিরোধী অপরাধের অভিযোগ' প্রমাণিত হওয়ায় দন্ড ও সাজা প্রদান করা হয়েছে। দন্ড ও সাজাপ্রাপ্ত ঐ সকল জামায়াত নেতৃবৃন্দের দায়েরকৃত আপীল এখন আপীল বিভাগে বিচারাধীন।

176. এমতাবস্থায়, আর্ন্তজাতিক অপরাধ ট্রাইবুনাল কর্তৃক জামায়াতে ইসলামী এর দন্ডপ্রাপ্ত শীর্ষ নেতাদের এবং মুক্তিযুদ্ধে ঐ দলের ভূমিকা সম্পর্কে যে সমস্ত মতামত ও পর্যবেক্ষণ দেয়া হয়েছে সে সম্পর্কে কোন মন্তব্য বা আলোচনা বাঞ্ছনীয় হবে না।

177. কিন্তু ইতিহাস, বাস্তবতা এবং এ দেশের সাধারণ জনগণের অভিজ্ঞতা কি বলে?

178. নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি ৮ (পৃষ্ঠা ৬৩-৬৪) হতে প্রতীয়মান যে, তৎকালীন পূর্ব পাকিস্তান জামায়াতে ইসলামী'র আমীর জনাব গোলাম আযম ৬ই এপ্রিল ১৯৭১ সালে 'খ' অঞ্চলের সামরিক প্রশাসক লেঃ জেনারেল টিক্কা খানের সাথে একটি প্রতিনিধি দল সঙ্গে নিয়ে সাক্ষাৎ করেন। ঐ সাক্ষাতের মাধ্যমে জনাব গোলাম আযম দখলদার পাক-সামরিক বাহিনী কর্তৃক গৃহীত ব্যবস্থার প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন এবং সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

179. ঐ সাক্ষাৎকারের কয়েকদিন পরেই ৯ই এপ্রিল ১৯৭১ সালে শান্তি কমিটি গঠন করা হয় এবং জনাব গোলাম আযম ঐ কমিটির অন্যতম সদস্য (৩ নং) নির্বাচিত হন। ঐ শান্তি কমিটি ২২ এপ্রিল এক বিবৃতিতে সকল দেশপ্রেমিক পূর্ব-পাকিস্তানীর প্রতি রাষ্ট্রবিরোধী লোকদের হিংসাত্মক এবং নাশকতামূলক কার্যকলাপ প্রতিরোধের এবং উদ্যম ও উৎসাহের সঙ্গে সর্বরকমভাবে সশস্ত্র বাহিনীকে সাহায্য করার আহবান জানিয়েছিলেন। (দৈনিক পাকিস্তান, ২৩ এপ্রিল ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট হতে প্রকাশিত, পৃষ্ঠা-২৫০)

180. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জনাব গোলাম আযম বিভিন্ন সময়ে বিভিন্ন সভা-সমাবেশ ও সাংবাদিক সম্মেলনে বক্তৃতা-বিবৃতির মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিরোধীতা করে পাকিস্তান দখলদার বাহিনীর সকল বর্বর ও ন্যাক্কারজনক মানবতা বিরোধী কর্মকাণ্ডকে সমর্থন জানিয়ে আসেন।

181. ১৭ সেপ্টেম্বর, ১৯৭১ সালে ঢাকার মোহাম্মদপুর ফিজিক্যাল এ্যাডুকেশন সেন্টারে প্রশিক্ষণরত রাজাকার শিবির পরিদর্শনকালে জনাব গোলাম আযম তাঁর বক্তৃতায় পাকিস্তানের হেফাজতের জন্য রাজাকার, মুজাহিদ ও পুলিশ বাহিনীতে ভর্তি হয়ে সশস্ত্র হওয়ার জন্য উৎসাহ প্রদান করেন এবং আরো বলেন যে, 'রাজাকার বাহিনী কোন দলের নয়, তারা পাকিস্তানে বিশ্বাসী সকল দলের সম্পদ।' (দৈনিক সংগ্রাম, ১৮ সেপ্টেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট হতে প্রকাশিত, পৃষ্ঠা-২২১)

182. বাংলাদেশে মুক্তিযুদ্ধ চলাকালে পূর্ব পাকিস্তানে গঠিত অবৈধ সরকারে নিযুক্ত জামায়াতের দুই মন্ত্রী জনাব আব্বাস আলী খান ও জনাব এ,কে,এম, ইউসুফ (তিনি রাজাকার বাহিনীর প্রতিষ্ঠাতাও ছিলেন)-এর সম্বর্ধনা অনুষ্ঠানে জনাব গোলাম আযম বলেনঃ

> "জামায়াতে ইসলামী পাকিস্তান ও ইসলামকে এক এবং অভিন্ন মনে করে। পাকিস্তান সারাবিশ্ব মুসলিমের জন্য ইসলামের ঘর। কাজেই পাকিস্তান যদি না থাকে তাহলে জামায়াতের কর্মীরা দুনিয়াই বেঁচে থাকার কোন সার্থকতা মনে করে না। তিনি আরও বলেন, জামায়াতের কর্মীরা জীবন বিপন্ন করে পাকিস্তানের অস্তিত্ব ও অখন্ডতা বজায় রাখার জন্য কাজ করছে।"

183. সম্বর্ধনার জবাবে জামায়াত নেতা আব্বাস আলী খান বর্তমান সংকটজনক পরিস্থিতিকে চরম অগ্নিপরীক্ষা আখ্যায়িত করে বলেন যে, "প্রতিটি কারবালার পরেই ইসলাম জীবন্ত হয়ে ওঠে। আমাদের সামনে আরও কারবালা রয়েছে। তার জন্য প্রস্তুত থাকতে হবে। (দৈনিক সংগ্রাম ২৬শে সেপ্টেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২২১-২২২)

184. ২৩শে নভেম্বর, ১৯৭১-এ লাহোর বিমান বন্দরে সাংবাদিকদের সাথে আলাপ কালে জনাব গোলাম আযম পূর্ব পাকিস্তানে শান্তি রক্ষার উদ্দেশ্যে সকল দেশপ্রেমিক, শান্তি কমিটির সদস্য এবং রাজাকারদের উন্নতমানের ও স্বয়ংক্রিয় অস্ত্রে সজ্জিত

করার দাবী জানান। (দৈনিক সংগ্রাম, ২৪ নভেম্বর, ১৯৭১; সূত্র সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৩)

185. ২৫ ও ২৬ শে নভেম্বর, ১৯৭১ লাহোরে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী জামায়াতের কার্যনির্বাহী কমিটির বৈঠকের এক প্রস্তাবে সশস্ত্র বাহিনীকে সমর্থন দেওয়ার জন্য পূর্ব পাকিস্তানের জনগণের প্রতি আহ্বান জানানো হয়। (দৈনিক সংগ্রাম ২৬ শে নভেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৬)

২৭ শে নভেম্বর, ১৯৭১-এ পিন্ডি আইনজীবী সমিতির এক সভায় জনাব গোলাম আযম বলেনঃ

> "শত্রুর হামলা মোকাবেলায় আত্মরক্ষামূলক ভূমিকা নয় বরং শত্রুর দেশে পাল্টা আক্রমন চালানোই হচ্ছে সর্বোত্তম প্রতিরক্ষা। কোন জাতি যুদ্ধকালে প্রতিশোধ মূলক ব্যবস্থা ছাড়াই টিকে থাকতে পেরেছে এমন কোন নজির ইতিহাসে খুঁজে পাওয়া যাবে না।" (দৈনিক সংগ্রাম ২৮ শে নভেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৮)

186. জনাব গোলাম আযম ২১ শে জুন, ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানে দলীয় কর্মীদের এক সভায় পাকিস্তানী সশস্ত্র বাহিনীর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন; "সেনাবাহিনীর হস্তক্ষেপ ছাড়া দেশকে বিচ্ছিন্ন হতে রক্ষা করার অপর কোন বিকল্প কিছুই ছিল না।" (দৈনিক পাকিস্তান ২২ শে জুন, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২০৩)

187. ৪ ও ৫ অক্টোবর প্রাদেশিক জামায়াতের মজলিসে শূরার বৈঠকে গৃহীত এক প্রস্তাবে উল্লেখ করা হয় যে, তথাকথিত 'বাংলাদেশ' আন্দোলনের ছদ্মবরণে 'মুক্তি ফৌজের' নামে ভারতীয় সেনাবাহিনী পাকিস্তানী এলাকায় মর্টারের গোলাবর্ষণ, সশস্ত্র অনুপ্রবেশ ও বিমান হামলা করেছে। (দৈনিক ইত্তেফাক ৭ অক্টোবর, ১৯৭১, সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৩৯৬)

188. জনাব আযম ১লা সেপ্টেম্বর, ১৯৭১-এ করাচিতে দলীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে ভাষণ দান কালে পাকিস্তান রক্ষা ও মানুষের জীবনের নিরাপত্তার জন্য পাকিস্তান সেনাবাহিনীর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন যে,

> "কোন ভাল মুসলমানই তথা কথিত 'বাংলাদেশ আন্দোলনের সমর্থক হতে পারে না। পূর্ব-পাকিস্তানে বিচ্ছিন্নতাবাদীদের নির্মূল করার জন্য একমন ও দেশপ্রেমিক লোকেরা একত্রে কাজ করে যাচ্ছেন। রাজাকাররা খুবই ভাল কাজ করছেন।" (দৈনিক পাকিস্তান, ২ সেপ্টে'র, ১৯৭১, সূত্র বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল প্রঃ সপ্তম খন্ড, পৃষ্ঠা-৬৮৬)

189. ২নং প্রতিপক্ষ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জামায়াতে ইসলামী'র ছাত্রফ্রন্ট পাকিস্তান ইসলামী ছাত্র সংঘের সভাপতি ছিলেন এবং ঘাতক আলবদর বাহিনী গঠনে নেতৃত্ব প্রদান করেন। বদর দিবস উপলক্ষে দৈনিক সংগ্রাম, ১৪ই নভেম্বর ১৯৭১-এ ২নং প্রতিবাদীর লিখিত একটি নিবন্ধ প্রকাশ করে। ঐ নিবন্ধে তিনি লিখেছিলেনঃ

> "দুর্ভাগ্যবশতঃ পাকিস্তানের কিছু মুনাফিক তাদের পক্ষ (হিন্দু বাহিনী) অবলম্বন করে ভেতর থেকে আমাদের দূর্বল করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তাদের সকল ষড়যন্ত্র বানচাল করেই পাকিস্তানের আদর্শ ও অস্তিত্ব রক্ষা করতে হবে। হিন্দু বাহিনীকে পর্যুদস্ত ও ভারতকে পদানত করেই পাকিস্তানের অস্তিত্ব রক্ষার সংকল্প গ্রহণ করতে হবে।.....। আমাদের পরম সৌভাগ্য বলতে হবে। পাক বাহিনীর সহায়তায় এ দেশের ইসলাম প্রিয় তরুণ ছাত্র সমাজ বদর যুদ্ধের স্মৃতিকে সামনে রেখে আলবদর বাহিনী গঠন করেছে। আমাদের বিশ্বাস সেদিন আর খুব বেশিদিন দূরে নয় যেদিন আলবদরের তরুণ যুবকেরা আমাদের সশস্ত্র বাহিনীর পাশে দাঁড়িয়ে হিন্দু বাহিনীকে (মুক্তিযোদ্ধাদের প্রতি ইঙ্গিত পূর্বক) পর্যুদস্ত করে হিন্দুস্থানের অস্তিত্ব খতম করে ইসলামের বিজয় পতাকা উড্ডীন করবে। আর সেদিনই পূরণ হবে বিশ্ব মুসলমানদের অন্তরের অপূর্ণ আকাঙ্খা।" (সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৫৮৭-৫৮৮)

190. ১৪ সেপ্টেম্বর, ১৯৭১ 'আল-বদর' শিরোনামে প্রকাশিত এক প্রতিবেদনে জামায়াতে ইসলামীর মুখপাত্র 'দৈনিক সংগ্রাম' লেখে: 'আল-বদর একটি নাম! একটি বিস্ময়! আল-বদর একটি প্রতিজ্ঞা! যেখানে তথাকথিত মুক্তিবাহিনী আল-বদর সেখানেই। যেখানেই দুস্কৃতিকারী আল-বদর সেখানেই। ভারতীয় চর কিংবা দুস্কৃতকারীদের কাছে আল-বদর সাক্ষাৎ আজরাইল।' (সূত্রঃ মতিউর

রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৩৯)

191. বিখ্যাত মার্কিন সাংবাদিক রবার্ট পেইন তাঁর সাড়া জাগানো 'ম্যাসার্কার নামক গ্রন্থে' উল্লেখ করেছেন যে, "বুদ্ধিজীবী হত্যার দীর্ঘ তালিকা প্রস্তুত করা হয়েছিল আল বদররা নামে ধর্মোন্মত্ত দলকে দিয়ে। এরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের গোপনে হত্যার চক্রান্ত করে। শুধু গোপন চক্রান্তই নয় আল বদরা এসকল হত্যাকান্ড ঘটিয়েছিল লোকচক্ষুর অন্তরালে।" (ম্যাসাকার, রবার্ট পেইন, পৃষ্ঠাঃ ৩৫, সূত্রঃ মতিউর রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৪০)

192. মুক্তিযুদ্ধের বিশিষ্ট গবেষক ডঃ মোঃ হান্নান, বাংলাদেশের ছাত্র আন্দোলনের ইতিহাস মুক্তিযুদ্ধ পর্ব-পৃঃ ৩৮০ এ উল্লেখ করেছেনঃ

> "নভেম্বর মাসের শেষ থেকে ডিসেম্বর মাসের মাঝ পর্যন্ত ঢাকা সহ সারা দেশে বেছে বেছে বুদ্ধিজীবীদের মধ্যে যে হত্যাকাণ্ড চালানো হয়, তা করেন একমাত্র জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রসংঘের বাহিনী-আলবদর গোষ্ঠী। পাকিস্তানী সেনারা এ সময় ছিল এদের সহযোগী মাত্র।" (সূত্রঃ মতিউর রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৪০)

193. ১৯৭১ সালে শবে-কদর উপলক্ষে ২নং প্রতিপক্ষ একটি প্রবন্ধ রচনা করেন যা দৈনিক সংগ্রাম, ১৬ নভেম্বর ১৯৭১ সালে প্রকাশিত হয়। ঐ প্রবন্ধে তিনি মুক্তিযোদ্ধাদের খোদাদ্রোহী বলে অপবাদ দিয়ে লিখেন যে, "খোদাইবিধান বাস্তবায়নের সেই পবিত্র ভূমি পাকিস্তান আল্লাহর ঘর। আল্লাহর এই পূতপবিত্র ঘরে আঘাত হেনেছে খোদাদ্রোহী কাপুরুষের দল। এবারের শবে-কদরে সামগ্রিকভাবে ইসলাম ও পাকিস্তানের বিরুদ্ধে পরিচালিত উল্লেখিত যাবতীয় হামলা প্রতিহত করে সত্যিকারের শান্তি ও কল্যাণ প্রতিষ্ঠার এই তীব্র অনুভূতি আমাদের মনে শক্তি জাগাবে কি?" (সূত্রঃ মতিউর রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৩০, ৩১)

194. প্রাসঙ্গিকভাবে এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সারাবিশ্বের মুসলমানদেরকে অবশ্যই বিশ্বাস করতে হবে যে, 'পবিত্র কাবাঘর' হচ্ছে আল্লাহর নির্দেশে তৈরী ঘর অর্থাৎ আল্লাহর ঘর এবং মুসলমানদের জন্য মহান আল্লাহ ঐ কাবাঘর 'কিবলা' হিসেবে সুনির্দিষ্ট করে দিয়েছেন। কিন্তু জনাব গোলাম আযম এবং ২নং প্রতিবাদী '৭১-সালে মুক্তিযুদ্ধ চলাকালে বিভিন্ন বক্তব্য ও বিবৃতিতে পাকিস্তানকে আল্লাহর ঘর বলে মূলত পাকিস্তানকে কাবা শরীফের সমপর্যায়ে নিয়ে এসে প্রকারান্তে তাঁরা পবিত্র কাবাঘরের সুমহান মর্যাদা ও ভাবমূর্তিই কেবল ক্ষুন্ন করেনি বরং তাঁদের এই বিশ্বাস ইসলামের আক্বীদার পরিপন্থী এবং পবিত্র কাবাঘরের চরম অবমাননা।

195. কেননা, পবিত্র 'কাবাঘর' সম্পর্কে পবিত্র কুরআন শরীফে মহান আল্লাহ'র বাণী সমূহ হচ্ছেঃ

> "আর স্মরণ করো যখন আমি ইব্রাহিমের জন্য কা'বা ঘরের জায়গা ঠিক করে দিয়েছিলাম; তখন বলেছিলাম আমার সঙ্গে কোনো শরিক করো না আর আমার ঘরকে পবিত্র রেখো তাদের জন্য যারা তওয়াফ করে ও যারা নামাজে দাঁড়ায়, রুকু ও সিজদা করে।" (সুরা হজ্জ-২২ঃ আয়াত ২৬)

এবং

> "নিশ্চয় মানবজাতির জন্য সর্বপ্রথম যে-গৃহ প্রতিষ্ঠিত হয়েছিল তা তো বাক্কা [মক্কার অপর নাম]-য়, তা আশীর্বাদপ্রাপ্ত ও বিশ্বজগতের দিশারী। সেখানে বহু স্পষ্ট নিদর্শন রয়েছে; (যেমন) ইব্রাহিমের দাঁড়াবার স্থান। আর যে-কেউ সেখানে প্রবেশ করে সে নিরাপদ। মানুষের মধ্যে যার সেখানে যাওয়ার সামর্থ্য আছে আল্লাহর উদ্দেশ্যে সেই গৃহের হজ্জ করা তার অবশ্য কর্তব্য। আর যে অস্বীকার করবে সে জেনে রাখুক আল্লাহ বিশ্বজগতের ওপর নির্ভর করেন না।" (সূরা আল-ই-ইমরান-৩ঃ আয়াত ৯৬-৯৭)

এবং

> "আর যেখান থেকেই তুমি বের হও না কেন মসজিদ-উল-হারামের দিকে মুখ ফেরাও। নিশ্চয় এ তোমার প্রতিপালকের কাছ থেকে প্রেরিত সত্য। তোমরা যা করছ তা আল্লাহর অগোচর নয়। আর তুমি যেখান থেকেই বের হও না কেন মসজিদ-উল-হারামের দিকে মুখ ফেরাও, আর যেখানেই থাক-না কেন (তার) দিকে মুখ ফেরাবে, যাতে তারা সীমালঙ্ঘন করে তারা ছাড়া অন্য কেউ তোমাদের সঙ্গে যেন তর্ক করতে না পারে।" (সুরা বাকারা-২ঃ আয়াত ১৪৮-১৫০)

এবং

> "আমি লক্ষ করি তুমি আকাশের দিকে বারবার তাকাও,

তাই তোমাকে এমন কিবলার দিকে ঘুরিয়ে দিচ্ছি যা তুমি পছন্দ করবে। সুতরাং তুমি মসজিদ-উল-হারামের (পবিত্র কা'বা ঘরের) দিকে মুখ ফেরাও। তোমরা যেখানেই থাক-না কেন কাবার দিকে মুখ ফেরাও। আর যাদেরকে কিতাব দেওয়া হয়েছে তারা নিশ্চিতভাবে জানে যে, এ তাদের প্রতিপালক প্রেরিত সত্য। তারা যা করে তা আল্লাহর অজানা নেই। যাদেরকে কিতাব দেওয়া হয়েছে তুমি যদি তাদের কাছে সমস্ত প্রমাণ পেশ কর তবুও তারা তোমার কিবলার অনুসরণ করবে না আর তুমিও তাদের কিবলা অনুসরণ করবে না। তারাও কেউ কারও কিবলার অনুসরণ করে না। তোমার কাছে জ্ঞান আসার পর তুমি যদি তাদের খেয়ালখুশির অনুসরণ কর তবে তুমি তো সীমালঙ্ঘন করবে।" (সুরা বাকারা-২ঃ আয়াত ১৪২-১৪৫)

196. ৩ নং প্রতিবাদীও আলবদর বাহিনীর শীর্ষ নেতৃত্বে ছিলেন এবং তিনি ছিলেন পূর্ব পাকিস্তান ইসলামী ছাত্র সংঘের সভাপতি। বদর দিবস উপলক্ষে ৭ নভেম্বর ১৯৭১ সালে ঢাকায় এক সমাবেশে তিনি উগ্র ও উত্তেজনাকর বক্তব্য দিয়ে ঘোষণা করেছিলেন, প্রয়োজনে নয়া দিল্লী পর্যন্ত এগিয়ে গিয়ে পাকিস্তানের পতাকা উত্তোলন করবেন। ঐ সমাবেশে জনাব মুজাহিদ ৪ দফা ঘোষণা প্রচার করেন। প্রথম ঘোষণায় বলা হয়: "দুনিয়ার বুকে হিন্দুস্থানের কোন মানচিত্রে আমরা বিশ্বাস করি না।

197. যতদিন পর্যন্ত দুনিয়ার বুক থেকে হিন্দুস্থানের নাম মুছে না দেয়া যাবে ততদিন পর্যন্ত আমরা বিশ্রাম নেবো না।" দ্বিতীয় ঘোষণাটি প্রচারিত হয় লাইব্রেরিসমূহের উদ্দেশ্যে: 'আগামীকাল থেকে হিন্দু লেখকদের কোন বই অথবা হিন্দুদের দালালি করে লেখা পুস্তকাদি লাইব্রেরিতে (কেউ) স্থান দিতে পারবেন না, বিক্রি বা প্রচার করতে পারবেন না। যদি কেউ করেন তবে পাকিস্তানের অস্তিত্বে বিশ্বাসী স্বেচ্ছাসেবকেরা জ্বালিয়ে ভস্ম করে দেবে।' তৃতীয় দফায় বলা হয়: 'পাকিস্তানের অস্তিত্বে স্বেচ্ছাসেবকদের সম্পর্কে বিরূপ প্রচার করা হচ্ছে। যারা এই অপপ্রচার করছে তাদের সম্পর্কে হুঁশিয়ার থাকুন।' চতুর্থ দফায় বলা হয়: 'বায়তুল মোকাদ্দাসকে উদ্ধারের সংগ্রাম চলবে।' ঐ সমাবেশ শেষে একটি মিছিল ঢাকার নওয়াবপুর রোড হয়ে বাহাদুরশাহ পার্কে গিয়ে শেষ হয়। ঐ মিছিলের উল্লেখযোগ্য কয়েকটি শ্লোগান ছিলঃ (১) আমাদের রক্তে পাকিস্তান টিকবে; (২) বীর মুজাহিদ অস্ত্র ধর, ভারতকে খতম কর; (৩) মুজাহিদ এগিয়ে চলো, কলিকাতা দখল কর; (৪) ভারতের চরদের খতম কর। (দৈনিক পাকিস্তান, ৮ নভেম্বর ১৯৭১; সূত্রঃ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ সপ্তম খন্ড, পৃষ্ঠা ৭৩৪-৭৩৫)

198. University of California Press, Berkley, Los Angeles থেকে প্রকাশিত Seyed Vali Reza Nasr রচিত The Vangurad of the Islamic Revolution, The Jamat Islami of Pakistan শীর্ষক গ্রন্থে উল্লেখ করা হয়েছে যে,

"Not surprisingly the IJT was pushed further into the political timelight between 1969 and 1971 when the Ayub Khan regime collapsed and rivalry between the People's Party and the secessionist Bengali party, the Awami League, resulted in civil war and the dismemberment of Pakistan. The IJT, with the encouragement of the government, became the main force behind the Jama'at's national campaign against the people's party in West Pakistan and the Awami League and Bengali secessionists in East Pakistan. The campaign confirmed the IJT's place in national politics, especially in May, 1971, when the IJT joined the army's counterinsurgency campaign in East Pakistan. With the help of the army the IJT organized two paramilitary units, called Al-Badar and Al-shams, to fight the Bengali guerrillas. Most of Al-Badar consisted of IJT members, who also galvanized support for the operation among the Muhajir community settled in East Pakistan. Matiu'r-Rahman Nizami, the IJT's nazim-i a'la (supreme head or organizer) at the time, organized Al-Badar and Al-Shams from Dhaka University. The IJT eventually paid dearly for its part in the civil war. During clashes with the Bengali guerrillas (the Mukti Bahini) numerous IJT members lost their lives. These numbers escalated further when scores were settled by Bengali nationalists after Dhaka fell..... Page-66-77. The Vanguard of Islamic Revolution: The Jamaat-e-Islami of Pakistan- By Seyed Vali Reza Nasr, University of California Press, Berkeley: 1994। (সংযুক্তি-৯, নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামা, পৃষ্ঠা-১১০)

199. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে অর্থাৎ ১৯৭১-এর অক্টোবর মাসে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গোপণীয় একটি গোয়েন্দা প্রতিবেদন হতে ২ ও ৩ নং প্রতিবাদী দেশের বিভিন্ন অঞ্চলে গিয়ে আল-বদর বাহিনী গঠনে ও মুক্তিযুদ্ধ বিরোধী তৎপরতার বিষয়ে প্রমাণ পাওয়া যায়। ঐ প্রতিবেদনটি ছিল নিম্নরূপঃ

"15. On 17-10-71, a Conference (100) of Pakistan Islami Chhatra Sangha (ICS), Rangpur Branch was held in Rangpur town with ATM Azharul Islam (ICS) in the chair. Amongst others Ali Husan Md Mujahid, Acting President, WPICS addressed the Conference, explaining the present situation of the country and urging the party workers to mobilize the youths of Islamic spirit and launch a strong movement against anti-Islamic activities. He also urged them to form Al-Badar Bahini at different levels for defending the country from internal and external attack.

21. On 16-9-71, a public meeting (1000) was held under the joint auspices of Jalalabad Chhatra Samiti and ICS at Sylhet town wherein Matiur Rahman Nizami, President, ICS and others delivered speeches criticizing India for interfering in the internal affairs of Pakistan and obstructing the return of displaced persons. They stressed the need of Islamic education and Islamic constitution for the integrity of Pakistan. Matiur Rahman Nizami further condemned the outlawed Al leader for defaming the Pakistani Muslims by revolting against Pakistan and joining hands with India. Resolutions on the above lines were also adopted in the meeting."

(নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি-৯, পৃষ্ঠা-১৩৫)

200. '৭১-এ মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জামায়াত ও তার বিভিন্ন বাহিনীর কর্মকাণ্ড সম্পর্কে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের খতিব মাওলানা উবাইদুল হক 'সাপ্তাহিক বিচিত্রা'র সঙ্গে আলাপকালে বলেছিলেনঃ

"মুসলমানদের বিরুদ্ধে মুসলমানদের কোন জিহাদ হতে পারে না। বরং এটা গুপ্ত হত্যা, মানবতা বিরোধী কাজ। ইসলাম মানবতা বিরোধী কাজ কখনও সমর্থন করে না।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৬৮)

201. স্বাধীনতাযুদ্ধে জামাতের ভূমিকা সম্পর্কে মাওলানা ফজলুল হক আমিনী মন্তব্য করেছিলেন-'এটা ছিল জালিমের বিরুদ্ধে মজলুমের যুদ্ধ-ইসলামের বিরুদ্ধে নয়। যারা '৭১-এর স্বাধীনতা যুদ্ধকে ইসলামের বিরুদ্ধে যুদ্ধ বলেছিল তারা ভুল বলেছিল।"

তিনি আরো বলেন,

"জামায়াতের বিরোধীতা মানে ইসলামের বিরোধীতা এটাও ঠিক নয়। কুরআন হাদিসের ইসলাম জামায়াতের ইসলাম সীমাবদ্ধ নয়। ৫০/৬০ বছর আগে জামাতের প্রতিষ্ঠার আগেও ইসলাম ছিল, ইসলামের সঠিকতম অনুসারীরাও ছিল। আর জামাত যে জেহাদের কথা বলে তা কুরআন হাদিস নির্ধারিত পথেই করতে হবে, এক্ষেত্রে নতুন কোন ব্যাখ্যা গ্রহণীয় হবে না।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৬৭)

202. '৭১ সনে জামাতের কর্মকাণ্ডের মূল্যায়ণ করতে গিয়ে মাওলানা ইসহাক ওবায়দী বলেন-'৭১ সালে জামাত সবচেয়ে বড় ভুলটি করে বসে। স্বাধীনতা যুদ্ধকে তারা ইসলাম এবং কুফরের লড়াই হিসেবে উপস্থাপন করে। আমরা মনে করি রাজনৈতিক মতপার্থক্য থাকলেই কোন মুসলমানকে সে আওয়ামী লীগ বা কম্যুনিস্ট পার্টির লোকই হোক-কাফের ভাবা ঠিক নয়। '৭১ সালে জামাতের কিছু লোকের বিরুদ্ধে গণহত্যা ধর্ষণের মতো জঘন্য কাজে জড়িত থাকার অভিযোগ রয়েছে-ইসলামের দৃষ্টিতে এসব অবশ্যই নাজায়েয।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৭৩)

203. মহান আল্লাহ পবিত্র কুরআন শরীফে অন্যায়ভাবে মানুষকে হত্যা ও সীমালঙ্ঘনকারীগণকে সতর্ক করে বলেছেনঃ

"আর তোমরা নিজেদেরকে হত্যা কোরো না, নিশ্চয় আল্লাহ তোমাদের ওপর পরম দয়ালু। আর যে কেউ বিদ্বেষবশতঃ ও অন্যায়ভাবে তা করবে আমি নিশ্চয় তাকে আগুনে পোড়াবো, আর এ আল্লাহর পক্ষে সহজসাধ্য।" -(সুরা

নিসা-৪ঃ আয়াত ২৯-৩০)

এবং

"আল্লাহ তো সর্বজ্ঞ তত্ত্বজ্ঞানী। আর যে-কেউ ইচ্ছাকৃতভাবে কোনো বিশ্বাসীকে হত্যা করবে তার শাস্তি জাহান্নাম, সেখানে সে চিরকাল থাকবে ও আল্লাহ তার ওপর ক্রুদ্ধ হবেন, তাকে অভিশাপ দেবেন ও তার জন্য মহাশাস্তি প্রস্তুত করে রাখবেন।" (সুরা নিসা-৪ঃ আয়াত ৯২-৯৩)

এবং

"আল্লাহ যার হত্যা নিষিদ্ধ করেছেন, যথার্থ কারণ ছাড়া তাকে হত্যা কোরো না।" (সুরা বনি-ইসরাইল-১৭ঃ আয়াত-৩৩)

এবং

"তিনি তো সীমা অতিক্রমকারীদের ভালবাসেন না।" (সুরা আ'রাফ-৭ঃ আয়াত ৫৫)

এবং

"সীমালঙ্ঘনকারীদের কোনো অভিভাবক নেই, কোনো সাহায্যকারীও নেই।" (সুরা মুমিনঃ আয়াত ৫১-৫২)

এবং

"আমি সীমালঙ্ঘনকারীদের জন্য আগুন তৈরী করে রেখেছি যার বেড় ওদেরকে ঘিরে থাকবে। ওরা পান করতে চাইলে ওদের দেওয়া হবে গলিত ধাতুর মতো পানীয় যা ওদের মুখ পুড়িয়ে দেবে। কী ভীষণ সে পানীয়! আর কী খারাপ সে আশ্রয়।" (সুরা কাহাফ-১৮ঃ আয়াত ২৯)

এবং

"যারা সীমালঙ্ঘন করেছে, যদি কিয়ামতের দিন কঠিন শাস্তি থেকে মুক্তির জন্য পণ হিসেবে পৃথিবীর সমপরিমাণ আরও থাকে তবুও (তাদের কাছ থেকে তা নেওয়া হবে না), আর তাদের ওপর আল্লাহর কাছ থেকে এমন শাস্তি এসে পড়বে যা ওরা কল্পনাও করেনি। ওদের কৃতকর্মের মন্দ ফল ওদের কাছে প্রকাশ হয়ে পড়বে; আর ওরা যা নিয়ে ঠাট্টাবিদ্রুপ করত তা ওদেরকে ঘিরে রাখবে।" (সুরা যুমার-৩৯ঃ আয়াত ৪৭-৪৮)

204. মহান আল্লাহ-এর এ সকল সতর্কবাণীসমূহ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালে জামায়াত নেতৃবৃন্দকে লক্ষ লক্ষ নিরীহ মানুষকে হত্যা এবং মা-বোনদের সতীত্ব হরণে রাজাকার, আল-বদর বাহিনী-সহ বিভিন্ন সশস্ত্র বাহিনী গঠন করে পাক হানাদার বাহিনীকে সক্রিয় সহায়তা ও অংশ নিতে নিবৃত করতে পারেনি–এটাই রূঢ় সত্য, বাস্তবতা ও ইতিহাস।

205. জামায়াতে ইসলামী শুধু ১৯৭১-এ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে বিরোধীতা করেই ক্ষান্ত হয়নি স্বাধীনতার পর স্বাধীন বাংলাদেশকে বিভিন্ন মুসলিম রাষ্ট্র যাতে স্বীকৃতি প্রদান না করে সে বিষয়ে বিশ্বব্যাপী প্রচারণা অব্যাহত রেখেছিল। জনাব গোলাম আযমের নাগরিকত্ব সংক্রান্ত মামলায় সরকার কর্তৃক দাখিলকৃত হলফনামায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছিল যে, জনাব গোলাম আযম ১৯৭২ সালে 'পূর্ব পাকিস্তান পুনরুদ্ধার কমিটি' সংগঠিত করে পাকিস্তান, লন্ডন এবং বিভিন্ন ইসলামীক দেশে বাংলাদেশ বিরোধী ব্যাপক প্রচারণা চালান। একই বছর রিয়াদে ইসলামী যুব সম্মেলনে পূর্ব পাকিস্তান পুনরুদ্ধারে মুক্তি সংগ্রামের আহ্বান জানান এবং ১৯৭৩ সালে বেনগাজিতে ও.আই.সি পররাষ্ট্র মন্ত্রীদের সম্মেলনে বাংলাদেশকে স্বীকৃতি না দেয়ার অনুরোধ জানান। বাংলাদেশকে স্বীকৃতি না দেয়ার অনুরোধ নিয়ে সৌদি বাদশার সাথে তিনি একাধিকবার সাক্ষাৎ করেন। [ডি.এল.আর. (এডি) পৃষ্ঠাঃ ১৯২, অনুচ্ছেদ ৫৮]

206. '৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে এবং বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার পরে জামায়াতে ইসলামী এবং এর তৎকালীন আমীর জনাব গোলাম আযমের বাংলাদেশ বিরোধী তৎপরতা সম্পর্কে বিশদ একটি প্রতিবেদন প্রকাশিত হয় এক সময়ের বহুল প্রচারিত সাপ্তাহিক পত্রিকা বিচিত্রা'য় (১৫ বর্ষ ৮০ সংখ্যা ১৩ মার্চ ৮৭/২৮ ফাল্গুন '৯৩)।

207. অধ্যাপক জনাব আনিসুজ্জামান-এর এ সংক্রান্ত একটি তথ্যবহুল লেখা প্রকাশিত হয় ১৪ই মার্চ ২০০৮-এ দৈনিক প্রথম আলো পপত্রকায় (শুক্রবারের ক্রোড়পত্র; সাহিত্য সাময়িকী, পৃষ্ঠা-৪)

208. জামায়াতে ইসলামী পাকিস্তানের তৎকালীন ভারপ্রাপ্ত আমীর মিয়া তোফায়েল আহমেদ "বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার অর্থ কিঃ –এই প্রশ্নের জবাবে তিনি বলেছিলেনঃ

> "বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার অর্থ হলো জাতির বিশ্বাসঘাতক ব্যক্তিকে বৈধ শাসক হিসেবে স্বীকার করে নেয়া আর পূর্ব পাকিস্তানের সেই লাখ লাখ দেশ প্রেমিক মানুষের ত্যাগ-তিতিক্ষার প্রতি বিদ্রুপ করা যারা এখনও পাকিস্তানের সমর্থনে এই বিশ্বাসঘাতকের বিরুদ্ধে অতন্দ্র প্রহরীর মত

দাঁড়িয়ে আছে। বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করলে কাশ্মীরের বিষয়ে আমাদের অবস্থান দূর্বল হয়ে যাবে। আর আমাদেরকে আজাদ কাশ্মীরও ভারতের হাতে তুলে দিতে হবে। বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার পর জাতীয় সম্পত্তি বন্টন ও বিদেশী সাহায্যের বিষয়েও প্রশ্ন দেখা দিবে আর এসব ঋণ পাকিস্তানকে পরিশোধ করতে হবে। শেখ মুজিব শিল্প এবং কেন্দ্রীয় তহবীলের ক্ষেত্রে এবং উন্নয়নমূলক প্রকল্পসমূহে ক্ষতিপূরণ দাবী করবেন, ভারত ও বাংলাদেশ পাকিস্তানের কাছ থেকে যুদ্ধের ক্ষতিপূরণ পাবার আইনগত অবস্থান লাভ করবে কেননা বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের সাথে সাথে আমাদের সেনা বাহিনী আপনা আপনি হানাদার বা দখলদার সাব্যস্ত হবে। এভাবে এদেশের অবশিষ্ট অংশও ধ্বংস হয়ে যাবে"। [জামায়াতে ইসলামী পাকিস্তানের মুখপাত্র 'সাপ্তাহিক এশিয়া' পত্রিকা (লাহোর, ৪ঠা জুন, ১৯৭২); নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামা, পৃষ্ঠা-১০৭।

209. পত্রিকাটির ঐ সংখ্যার ১১তম পৃষ্ঠায় স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে জামায়াতে ইসলামী কীভাবে মূল্যায়ন করে সে কথাও তুলে ধরা হয়েছে। এখানে ধর্ম নিরপেক্ষ স্বাধীন বাংলাদেশকে মুরতাদ ও কাফের পর্যন্ত আখ্যা দেয়া হয়। জামায়াতে ইসলামীর ঐ পত্রিকায় লেখা হয়েছিলঃ

> "বাংলাদেশের বিষয়টি দক্ষিণ আফ্রিকা ও উত্তর আয়ারল্যান্ডের মত দেশের একটি অংশের সাধারণ বিদ্রোহ হলে বিষয়টি ভিন্ন ছিল। কিন্তু এর পেছনে কার্যকর যে সব উপকরণ বর্ণনা করা হচ্ছে সেটা স্পষ্ট বলে দিচ্ছে, এটা কেবল একটি রাজনৈতিক বিদ্রোহ নয় বরং আদর্শ ও দর্শনগত একটি ঔদ্ধত্য। বাংলাদেশ সরকার কেবল নিজেদেরকে ধর্ম নিরপেক্ষ হিসেবে ঘোষণা করেনি বরং তা ইসলামী জাতীয়তাবাদ পরিত্যাগ করে দেশীয় জাতীয়তাবাদ অবলম্বন করছে। ধর্মীয় দৃষ্টিকোন থেকে এটা ইরতেদাদ (অর্থাৎ ধর্মত্যাগ) নয় তো কি? একজন মুসলমান ঘোষণা করছে, সে খোদার পক্ষ থেকে অবতীর্ণ আইনকে তার সামাজিক জীবনের জন্য গ্রহণ করে না বরং সে জাগতিক আইন চায়-এটাকে কুফুরী ছাড়া আর কি বলা যায়?" (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামা, পৃষ্ঠা-১০৭)

210. ১৯৮৬ সালের ১৪ই জানুয়ারি, পাকিস্তানের করাচীতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর তৎকালীন ভারপ্রাপ্ত আমীর জনাব আব্বাস আলী খান বলেছিলেন যে, 'বাংলাদেশের জনগণ এখন পাকিস্তানের সঙ্গে তাদের বিচ্ছেদের কারণে অনুতপ্ত।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপ" ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৫৪)

211. উপরোক্ত ঘটনা ও তথ্যসমূহ প্রমাণ করে যে, স্বাধীনতা পরবর্তী সময়েও জামায়াতের বাংলাদেশ বিরোধী দৃঢ় অবস্থান লুকানো কোন বিষয় ছিল না।

212. সাম্প্রতিককালে আন্তর্জাতিক অপরাধ দমন ট্রাইব্যুনাল সমূহ কর্তৃক প্রদত্ত বিভিন্ন রায়ে মুক্তিযুদ্ধে মানবতা বিরোধী অপরাধে সম্পৃক্ত থাকার প্রমাণ পাওয়ায় জামায়াতে ইসলামীকে "অপরাধী সংগঠনঃ (criminal organisation) হিসেবে চিহ্নিত করা হয়েছে। যেহেতু এ সংক্রান্ত সকল রায় আপীল বিভাগে বিচারাধীন সেহেতু এ বিষয়ে অধিক কোন মন্তব্য না করে এ কথা নির্দ্বিধায় বলা যায় যে, এদেশের জনগণ তাঁদের নিজ অভিজ্ঞতা দিয়েই ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে জামায়াতে ইসলামী'র বাংলাদেশ বিরোধী সশস্ত্র অবস্থান ও মানবতা বিরোধী ভূমিকা প্রত্যক্ষ করেছে এবং ইতিহাস এর উজ্জ্বল সাক্ষ্য বহন করছে।

213. প্রাসঙ্গিকভাবে উল্লেখ করা যেতে পারে যে, The International Crimes (Tribunals) Act, 1973 মূল আইনে মানবতা বিরোধী অপরাধের জন্য কোন দল বা গোষ্ঠীকে বিচারের সম্মুখীন করার বিধান না থাকলেও সম্প্রতি আইনটি সংশোধনের মাধ্যমে মানবতা বিরোধী অপরাধের সাথে জড়িত দলকে (organisation) বিচারের সম্মুখীন করার বিধান করা হয়েছে (ধারা-৩)। কিন্তু দূর্ভাগ্যজনক হলেও সত্য যে ঐ আইনে কোন দল মানবতা বিরোধী অপরাধে অভিযুক্ত হলে ঐ দলকে কি ধরনের দন্ড এবং সাজা প্রদান করা হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট কিছু উল্লেখ নেই। আমার নিঃসংকোচ অভিমত এই যে, ঐ আইনে মানবতা বিরোধী কোন দলের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে, সেই দলের বিরুদ্ধে ট্রাইব্যুনাল কর্তৃক দন্ড আরোপের বা গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট বিধান করা প্রয়োজন।

214. আমরা ইতোমধ্যেই অবহিত হয়েছি যে, একটি রাজনৈতিক দলের নিবন্ধনের শর্তসমূহ গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০বি এবং ৯০সি-তে উল্লেখ করা আছে। ঐ আইনটির সহজ পাঠে প্রতীয়মান যে, মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে কিংবা যে কোন সময়ে মানবতা বিরোধী অপরাধে জড়িত কোন রাজনৈতিক দলকে এমনকি কোন আদালত কিংবা ট্রাইবুনাল যদি কোন দলকে অপরাধী সংগঠন হিসেবে ঘোষণাও করে তাহলে ঐ দলকে নিবন্ধন

দেয়া যাবে না-এধরনের কোন সুস্পষ্ট ও সুনির্দিষ্ট কোন বিধান রাখা হয়নি। যে কোন আইন প্রণয়নের সময়ে আমাদের আইন প্রণেতাদের সংবিধানের অনুচ্ছেদ ৭ অবশ্যই স্মরণ এবং বিবেচনা করা প্রয়োজন। সংবিধানের অনুচ্ছেদ ৭-এ উল্লেখ আছে যে, "প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ; এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে।"

215. যেহেতু, বর্তমান আইনে মানবতা বিরোধী অপরাধে জড়িত কিংবা ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের বিরোধীতাকারী কোন দলকে নিবন্ধন দেওয়া যাবে না। মর্মে কোন সুস্পষ্ট ও সুনির্দিষ্ট বিধান রাখা হয়নি, সেহেতু, শুধুমাত্র উপরোক্ত কারণে নির্বাচন কমিশন কর্তৃক নিবন্ধন আবেদন অগ্রাহ্য করার কোন সুযোগ নেই। সেক্ষেত্রে আইনটিকে আরো সুনির্দিষ্ট ও সুস্পষ্ট করা প্রয়োজন। সার্বভৌম জনগণের প্রতিনিধি হিসেবে জাতীয় সংসদকেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে; কারণ, সার্বভৌম জনগণের ইচ্ছা-অনিচ্ছার প্রতিফলন ঘটাতে পারে একমাত্র জাতীয় সংসদ-সুনির্দিষ্ট ও সুস্পষ্ট আইন প্রণয়নের মাধ্যমে।

216. এখানে উল্লেখ করা সঙ্গত হবে যে, আমাদের স্বাধীনতা সংগ্রাম এবং '৭১-এর মহান মুক্তিযুদ্ধ' এ দেশের সর্বস্তরের মানুষের কাছে গভীর এক আবেগের বিষয়। একজন মানুষ হিসেবে একজন বিচারকেরও আবেগ আছে ও থাকবে এটাই স্বাভাবিক। কিন্তু, একজন বিচারক আবেগ তাড়িত হয়ে শুধুমাত্র নৈতিকতার মানদন্ড বিচার করতে পারে না বা কাউকে শাস্তিও প্রদান করতে পারে না। বিচারের ক্ষেত্রে আইন ও সংবিধানই হলো বিচারকের কাছে মুখ্য বিষয়। কেননা, একজন বিচারক সংবিধান ও আইন অনুযায়ী বিচার কার্য পরিচালনা করতে শপথবদ্ধ।

217. রীট আবেদনকারীগণের বিজ্ঞ আইনজীবী মিস তানিয়া আমীর অত্র রুলটিকে নিরঙ্কুশ করার স্বপক্ষে আরো যুক্তি উপস্থাপন করেন যে, জামায়াতে ইসলামী মাওলানা মওদুদী সৃষ্ট একটি দল; মাওলানা মওদুদী'র পবিত্র ধর্ম ইসলাম সম্পর্কে ভ্রান্ত মতবাদ প্রচার ও প্রতিষ্ঠাই এই রাজনৈতিক দলটির লক্ষ্য; তাঁর মতবাদ এদেশের সর্বস্তরের আলেম সমাজ প্রত্যাখান করেছেন এই বিবেচনায় যে, "মাওলানা মওদুদীর মতবাদ ইসলামের মূল চেতনা, ঈমান ও আক্বীদার সাথে সংগতিপূর্ণ নয় বরং বিপরীত।"

218. মিস আমীর আরো নিবেদন করেন যে, মাওলানা মওদুদী সৃষ্ট দল জামায়াতে ইসলামী রাজনৈতিকহীন উদ্দেশ্যে পবিত্র ধর্ম ইসলাম-এর অপ-ব্যবহার ও অপ-ব্যাখ্যা করে আসছে; কিন্তু নির্বাচন কমিশন উপরোক্ত বিষয় সমূহ বিবেচনা না করে তর্কিত নিবন্ধনটি প্রদান করে ইসলাম ধর্মকে রাজনৈতিকহীন উদ্দেশ্যে ব্যবহারের বৈধতা দিয়েছে; যা বাতিল যোগ্য।

219. ১-৩ নং প্রতিবাদী পক্ষের বিজ্ঞ আইনজীবী জনাব রাজ্জাক রীট আবেদনকারীগণের বিজ্ঞ আইনজীবীর উপরোক্ত বক্তব্যের জবাবে নিবেদন করেন যে, জামায়াতে ইসলামী'র গঠনতন্ত্রে মাওলানা মওদুদী এবং তাঁর মতবাদ সম্পর্কে কোন কিছু উল্লেখ নেই; বরং বাংলাদেশের সংবিধানের আলোকেই দলটির গঠনতন্ত্র প্রণয়ন করা হয়েছে; সুতরাং রীট আবেদনকারীগণের বিজ্ঞ আইনজীবীর উপরোক্ত বক্তব্যের কোন ভিত্তি নেই।

220. উভয় পক্ষের বিজ্ঞ আইনজীবীগণের উপরোক্ত বক্তব্য সমূহের আলোকে জামায়াতে ইসলামী দলটির সৃষ্টি, মাওলানা মওদুদীর মতবাদ ও ধ্যান-ধারণা ও তাঁর জামাত সম্পর্কে এদেশের আলেম সমাজ, ওলামায়ে-কিরাম ও ইসলামী চিন্তাবিদগণের মূল্যায়ন সম্পর্কে প্রাসঙ্গিক কিছু আলোচনা করা প্রয়োজন।

221. বর্তমান বাংলাদেশ জামায়াতে ইসলামী নামক রাজনৈতিক দলটির 'জেনেসিস' হল জামায়াত-ই-ইসলামী হিন্দ, যা ১৯৪১ সালে প্রতিষ্ঠিত করেন সৈয়দ আবুল আলা মওদুদী, যিনি মাওলানা মওদুদী হিসেবে সুপরিচিত।

222. প্রাসঙ্গিকভাবে উল্লেখ করা যেতে পারে যে, জামায়াতে ইসলামী হিন্দ প্রতিষ্ঠার বহু পূর্বে অর্থাৎ হাজার বছরেরও অধিক পূর্বে এই উপ-মহাদেশে ইসলাম ধর্মের প্রচার ও প্রসার শুরু হয়। প্রাচীনকাল থেকেই আরব ও পারসিক ব্যবসায়ীরা এই উপ-মহাদেশের উপকূলবর্তী অঞ্চলের সঙ্গে ব্যবসা-বাণিজ্যে লিপ্ত ছিল। ব্যবসা-বাণিজ্যের সুবাদে ধর্মীয় স্বাধীনতা নিয়ে মুসলমানরা ধীরে ধীরে স্থায়ীভাবে বসবাস শুরু করে। এমনকি কিছু কিছু আরব-মুসলিম বাণিজ্য উপলক্ষে বাংলাদেশের সমুদ্র উপকূলীয় অঞ্চলে, বিশেষ করে চট্টগ্রাম ও নোয়াখালীতে বসতি স্থাপন করেছিলেন।

223. খ্রিষ্টীয় এগারো শতকের প্রথম থেকেই ইসলামের প্রচারকেরা এ উপ-মহাদেশে দলে দলে আসতে শুরু করেন এবং তাঁদের অক্লান্ত প্রচেষ্টায় ইসলাম ধর্ম বিস্তার লাভ করতে থাকে। মুসলিম সুফী-দরবেশ, পীর ও আউলিয়াগণ তাঁদের চারিত্রিক মাধুর্য, জ্ঞান ও সত্যনিষ্ঠার মাধ্যমে এবং মূলতঃ সুফিবাদের আধ্যাত্মিক তত্ত্ব তথা খোদাপ্রেম-ভ্রাতৃত্ব-সাম্যের মধুর বাণী চমৎকারভাবে সাধারণ মানুষের কাছে তুলে ধরে মানুষকে ইসলাম ধর্মে আকৃষ্ট ও দীক্ষিত করতে সক্ষম হয়েছিলেন।

224. ইসলাম প্রচারে তাঁরা মৌলিক বিষয়সমূহ তথা মহান আল্লাহর একত্ববাদ ও তাঁর প্রতি পূর্ণ আস্থা, মুহাম্মদ রাসূল (সাঃ) সর্বশেষ রাসূল ও পূর্ববর্তী সকল নবী ও রাসূলগণের এবং কুরআন সহ সকল আসমানী কিতাবসমূহের প্রতি বিশ্বাস, কালেমা, নামাজ, রোজা, হজ্জ, যাকাত, বেহেশত-দোযখ, কেয়ামত, পুনরুত্থান, হাশর, বিচার, পাপ-পণ্য, হালাল-হারাম, ব্যক্তি, পারিবারিক ও সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে ইসলামের অনুশাসন সমূহ পালন সর্বোপরি ইসলামের উদার ও মানবিক দিকসমূহ সাধারণ মানুষের কাছে তুলে ধরে ইসলাম ধর্মে দীক্ষিত হতে উদ্বুদ্ধ করেছিলেন; সেখানে ছিল না কোন শক্তি প্রয়োগ বা জবরদস্তি।

225. উপমহাদেশে ইসলাম প্রচারকদের মধ্যে অন্যতম ছিলেন শেখ ইসমাইল (১০০৫ খ্রিঃ), আবদ-আল্লাহ (১০৭৬ খ্রিঃ) নুরুদ্দীন, যিনি নুর সওদাগর নামে পরিচিত ছিলেন (খ্রিষ্টীয় বারো শতক), সৈয়দ জালালুদ্দিন (১২৪৪ খ্রিঃ), সৈয়দ আহমদ কবির যিনি 'মখদুস-ই-জাহানিয়া' নামে পরিচিত লাভ করেন (১২৪৪ খ্রিঃ); কিন্তু এদের মধ্যে অধিক সুখ্যাতি ও জনপ্রিয়তা লাভ করেন খাজা মইনুদ্দিন চিশতী (রঃ)। খাজা মইনুদ্দিন চিশতীর অভূতপূর্ব আধ্যাত্মিক ক্ষমতা এবং সে সময়ে হিন্দু সমাজের অবহেলিত শ্রেণী ইসলাম ধর্ম গ্রহণ করে সামাজিক অত্যাচার থেকে মুক্তির পথ পেয়েছিলো। সর্বোপরি তেরো শতকে ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ-বিন-বখতিয়ার খিলজীর বাংলা-বিহার জয়ের মধ্যে দিয়ে এ অঞ্চলে মুসলিম শাসনের গোড়াপত্তন ঘটে এবং ইসলাম ধর্ম ব্যাপক প্রচার ও প্রসার লাভ করে। বর্তমানে বাংলাদেশ-এর বিভিন্ন অঞ্চলে ইসলাম ধর্ম প্রচার ও প্রসারে যাঁরা অগ্রণী ভূমিকা রাখেন তাঁদের অন্যতম হলেনঃ চট্টগ্রাম অঞ্চলে হযরত বায়েজিদ বোস্তামী (রঃ) (নবম শতাব্দীর শেষ ভাগে), হযরত শেখ ফরিদ (রঃ) (বারো শতকের প্রথম ভাগে), হযরত বদর আউলিয়া (তের শতকের শেষ ভাগে), সিলেট অঞ্চলে হযরত শাহ জালাল (রঃ) (১৩০৩) এবং তাঁর সঙ্গীয় ৩৬০ জন অনুসারী যাঁরা পরবর্তীতে দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়েন; রাজশাহী অঞ্চলে হযরত শাহ মখদুম (রঃ) (বারো শতকের শেষ ভাগে), হযরত মৌলানা শাহ মোয়াজ্জম দৌলা (চৌদ্দশ শতকের শেষ ভাগে), শাহ নেয়ামত উল্লাহ (রঃ) (ষোল শতকের প্রথম ভাগে); খুলনা হযরত খান জাহান আলী (রঃ) (চৌদ্দ শতকের শেষার্ধে) এবং ঢাকা অঞ্চলে হযরত শাহ খাজা শরফুদ্দীন চিশ্‌তী (রঃ) (১৩০৬)। চট্টগ্রামের কদম মোবারক মসজিদ (১৩৩৬) এবং রাজশাহী অঞ্চলে বাঘা মসজিদ, কুসুম্বা মসজিদ, দারস বাড়ী মসজিদ এবং ছোট সোনা মসজিদ, বাগেরহাটের ষাট গম্বুজ মসজিদ (তের শতক ও চৌদ্দ শতকে নির্মিত) সহ দেশের বিভিন্ন স্থানের অতি প্রাচীন দরগা-মসজিদসমূহ প্রমাণ করে 'এ দেশের ইসলাম ধর্মের আগমন, প্রচার ও প্রসারের' উজ্জ্বল স্বাক্ষর। বিশিষ্ট ইতিহাসবিদ জাতীয় অধ্যাপক সালাহউদ্দীন আহমদ-এর মতে, 'এই উপ-মহাদেশে ইসলামের আবির্ভাব একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। জন্ম, ধর্মান্তরকরণ ও বহিরাগমন এ পত্রমুখী প্রক্রিয়ার ফলে মুসলিম জনসংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পায়।'

226. পরবর্তিতে ষোল শতকে মোঘলরা সাম্রাজ্য স্থাপন করে। সম্রাট আকবর ধর্মীয় ব্যাপারে আপোস ও উদার নীতি গ্রহণ করলেও পরবর্তী সম্রাট আওরঙ্গজেব রক্ষণশীল মুসলমানদের ব্যাপক সমর্থন লাভ করেন। কিন্তু তাঁর মৃত্যুর পর মুসলিম কেন্দ্রীয় রাজশক্তি ভেঙ্গে পড়ে এবং একাধিক হিন্দু ও মুসলিম রাজ্যের উদ্ভব হয়। আঠারো শতকের শেষ দিকে ঐ সকল রাজ্য ইংরেজদের অধীনে চলে যায়। ১৯০৬ সালে মুসলমানদের প্রথম সর্বভারতীয় রাজনৈতিক প্রতিষ্ঠান 'মুসলিম লীগ'-এর জন্ম হয়। মুসলমানরা পৃথক নির্বাচনের দাবী উত্থাপন করে এবং ঐ দাবী ১৯০৯ সালে ভারতীয় শাসনতান্ত্রিক আইনে গৃহীত হয়। ভারতীয় রাজনৈতিক জীবনে মুসলমানদের পৃথক অস্তিত্ব এভাবেই প্রকাশ পায়।

227. উপরোক্ত, আলোচনা হতে এটা প্রমাণিত যে, বাংলাদেশ সহ এই উপ-মহাদেশের মানুষ ইসলাম ধর্ম গ্রহণের জন্য কোন বিশেষ রাজনৈতিক দলের জন্ম বা সৃষ্টি'র অপেক্ষায় ছিল না; নিজ প্রয়োজনে ও তাগিদে এ অঞ্চলের মানুষ ইসলাম ধর্মে উদ্বুদ্ধ ও দীক্ষিত হয়েছিল জামায়াত-ই-ইসলামী হিন্দ নামক রাজনৈতিক দলটি সৃষ্টির হাজারো বছর পূর্বে।

228. মাওলানা মওদুদী জামায়াত-ই-ইসলামী হিন্দ নামে রাজনৈতিক দলটির জন্ম দেন ঠিক সেই মহূর্তে যখন প্রায় দু'শত বছর ধরে ব্রিটিশ ঔপনিবেশিক শাসন-শোষণে পিষ্ট উপমহাদেশের সাধারণ মানুষ ব্রিটিশ বিরোধী আন্দোলন-সংগ্রামকে স্বাধীনতার চূড়ান্ত পর্যায়ে নিয়ে গিয়েছিল এবং এই উপমহাদেশের মুসলমানগণ বিশেষতঃ বাঙালী মুসলমানগণ 'ঐতিহাসিক লাহোর প্রস্তাবের' ভিত্তিতে মুসলমানদের জন্য একাধিক রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রাম পরিচালিত করছিল। মাওলানা মওদুদী মুসলমানদের জন্য পৃথক রাষ্ট্রের বিরোধীতা করেন এই বক্তব্য উত্থাপন করে যে, "পাকিস্তান নামক মুসলমান রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য যাঁরা নেতৃত্ব প্রদান করছেন তারা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করার যোগ্যতা রাখেন না এবং মুসলমানদের জন্য পৃথক রাষ্ট্রের অর্থ এই নয় যে, তা ইসলামী রাষ্ট্র হবে।" ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার দাবী উত্থাপন করে মূলতঃ মাওলানা মওদুদী ও তাঁর দল

জামায়াত-ই-ইসলামী হিন্দ মুসলমানদের স্বার্থ রক্ষার জন্য পৃথক রাষ্ট্র সৃষ্টির বিরোধীতা করেন। তাঁর এ বিরোধীতা মূলতঃ ভারতবর্ষে ব্রিটিশ শাসনের পক্ষেই যায় এবং উপমহাদেশের সাধারণ মানুষের ব্রিটিশ বিরোধী আন্দোলনকে বাধাগ্রস্ত করে।

229. ১৯৪৭ সালে দেশ বিভাগের পর বাস্তবতা মেনে নিয়ে মাওলানা মওদুদী পাকিস্তানের লাহোরে স্থায়ীভাবে বসবাস শুরু করেন, যদিও বা তিনি পাকিস্তান আন্দোলনকে 'হারাম আন্দোলন' এবং পাকিস্তানের জন্য যারা জীবন বিসর্জন দিয়েছেন তাঁদের মৃত্যুকে 'হারাম মউত' বলে ফতোয়া দিয়েছিলেন। (সূত্রঃ মুক্তিযুদ্ধ ও গোলাম আযম, হালিম দাদ খান, পৃষ্ঠা-১১)

230. পাকিস্তানে আগমনের পর জনাব মওদুদী জামায়াতে ইসলামী পাকিস্তান নামে দলটির আমীর হিসেবে এর কার্যক্রম নতুন পর্যায়ে শুরু করেন। মাওলানা মওদুদী ও তাঁর দল জামায়াতে ইসলামী পাকিস্তান মুসলিমলীগের তৎকালীন নেতাদের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করেন। পাকিস্তানকে ইসলামী রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠা করার পাশাপাশি মাওলানা মওদুদীর চরম ও সাম্প্রদায়িক মতবাদ ও চিন্তা চেতনা বিশেষতঃ আহমেদিয়া সম্প্রদায়ের বিরুদ্ধে প্রচারণা ও অবস্থান এক পর্যায়ে সহিংসতা ও দাঙ্গায় রূপ নেয় এবং ১৯৫৩ সালে লাহোরে সাম্প্রদায়িক দাঙ্গায় বহু সংখ্যক ঐ সম্প্রদায়ের মানুষ কে হত্যা করা হয়। ঐ সময় দাবী উত্থাপন করা হয়েছিল যে, "পাকিস্তান সরকার ও প্রশাসনের শীর্ষ পদে আহমেদিয়া সম্প্রদায়ের যে সব ব্যক্তি অধিষ্ঠিত ছিলেন তাদের বহিষ্কার করতে হবে।' ঐ সাম্প্রদায়িক দাঙ্গা ও আহমেদিয়া সম্প্রদায়ের মানুষকে হত্যায় উস্কানী দেয়ার অভিযোগে মাওলানা মওদুদী লাহোরের একটি সামরিক আদালতে বিচারের সম্মুখীন হন এবং ঐ বিচারে তাঁকে মৃত্যুদন্ড প্রদান করা হয়। মাওলানা মওদুদী তাঁর বিরুদ্ধে প্রদত্ত মৃত্যুদন্ডাদেশের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ না করলেও সত্য এটাই যে, মূলতঃ কয়েকটি প্রভাবশালী রাষ্ট্রের প্রভাবে ও চাপে ঐ শাস্তি বাতিল করা হয়। মাওলানা মওদুদী ১৯৭২ সাল পর্যন্ত অর্থাৎ বাংলাদেশ সৃষ্টির পরেও জামায়াতে ইসলামী পাকিস্তানের আমীর-এর দায়িত্ব পালন করেন। পাকিস্তান সৃষ্টির পর হতে পশ্চিমা শাসকগোষ্ঠির বিভিন্ন অগণতান্ত্রিক পদক্ষেপ, বাংলা ভাষার বিরুদ্ধে অবস্থান, ৫৪-এর নির্বাচনে বিজয়ী সর্ব জনাব শেরে বাংলা এ.কে.ফজলুল হক, মাওলানা আব্দুল হামিদ খান ভাষানী এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দী-এর নেতৃত্বাধীন যুক্তফ্রন্ট সরকারকে পরিচালিত না হতে দিয়ে অগ্রহণযোগ্য ব্যবস্থা গ্রহণ, পরবর্তীতে সামরিক শাসন ঘোষণাসহ বিভিন্ন অগণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে মাওলানা মওদুদী ও জামায়াতে ইসলামীর কোন উল্লখযোগ্য ভূমিকা দৃশ্যমান নয়। বরং মাওলানা মওদুদী গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার বিরুদ্ধে অবস্থান গ্রহণ করে জনগণের সার্বভৌমত্বকে অস্বীকার করার প্রয়াস পেয়েছেন এই বক্তব্য উপস্থাপন করে যে,

> "জনগণের সরকার, জনগণের দ্বারা, জনগণের জন্য- মুসলমান হিসাবে আমি এই নীতির সমর্থক নই।" (মাওলানা আবুল আলা মওদুদী, সিয়াসী কাশমকাশ, ৩য় খন্ড, পৃষ্ঠা-৯৪)

231. জামায়াতের প্রতিষ্ঠাতা মাওলানা মওদুদী ও তাঁর জামায়াত-এর 'আক্বীদাগত কিছু বিষয়ে' এই উপমহাদেশ ও বাংলাদেশের হাক্কানী আলেমগণ অগ্রহণযোগ্য এবং ঈমান ও ইসলাম পরিপন্থী হিসেবে অভিহিত করে মওদুদীর ভ্রান্ত মতবাদ ও তাঁর সৃষ্ট জামায়াত-কে প্রত্যাখ্যান ও বর্জন করার আহ্বান জানিয়ে এসেছেন।

232. জামায়াতে ইসলামীর গঠনতন্ত্রের মৌলিক আক্বীদা শিরোনামে ৬(৬) নং দফায় যে কয়টি অপরিহার্য আক্বীদা উল্লেখ করা আছে তার মধ্যে "আল্লাহর রাসূল ব্যতীত কাউকে সত্যের মাপকাঠি মনে না করা, কাউকে সমালোচনার উর্ধ্বে মনে না করা, কারো মানসিক গোলামীতে লিপ্ত না হওয়া" উল্লেখযোগ্য।

233. উপ-মহাদেশের প্রখ্যাত আলেম, হযরত মওলানা সায়্যিদ হুসাইন আহমদ মাদানী (রঃ) সহ বাংলাদেশ ও উপমহাদেশের উল্লেখযোগ্য সংখ্যক আলেমগণের সুচিন্তিত অভিমত যে, উক্ত আক্বীদা কোরআন ও হাদীসের সম্পূর্ণ পরিপন্থী। তাঁদের মতে জামায়াতের ঐ আক্বীদা গ্রহণের অর্থ হলো অন্যান্য সকল নবী ও সাহাবায়ে কিরামের ওপর থেকে অতি গোপনে-সন্তর্পণে বিশ্বাস উঠিয়ে দেয়া।

234. জামায়াতের গঠনতন্ত্রের উক্ত আক্বীদা সম্পর্কে "দারুছ ছুন্নাহ শার্শিনা আলিয়া মাদ্রাসার ফতোয়া হচ্ছেঃ

> "যেহেতু মওদুদী জামায়াতের গঠনতন্ত্র আহলে সুন্নাত ওয়াল জামায়াতের বিপরীত এফরাতী মতাদর্শের (চরমপন্থা) ভিত্তিতে রচিত হয়েছে; যথা-উক্ত গঠনতন্ত্রের "মূল বিশ্বাস" (আক্বিদা) অধ্যায়ে লিখিত আছে–
>
> "খোদার রাসূল (সাঃ)-কে ছাড়া অন্য কোন মানুষকেই সত্যের মাপকাঠি হিসেবে মানবে না। কাউকেও সমালোচনার উর্ধ্বে মনে করবে না। কারও মানসিক অন্ধ গোলামীতে আবদ্ধ হবে না।"
>
> মওদুদী সাহেবের উপরবর্ণিত ধারার পরিষ্কার অর্থ এই যে-

১। হযরত রাসূলে করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত অন্য কেউ, চাই তিনি নবী হোন অথবা সাহাবী হোন (মি'আরেহক) বা সত্যের মাপকাঠি হতে পারেনা।

২। রাসূলে খোদা ব্যতীত অন্য কাউকেও সমালোচনার উর্ধ্বে বলে স্বীকার করা যাবে না।

৩। রাসূলে খোদা ব্যতীত অন্য কারও জেহেনী গোলামী অর্থাৎ তাকলীদ করা যাবে না। মওদুদী দস্তরে বর্ণিত উপরোক্ত আক্বিদাসমূহ আহলে সুন্নাত ওয়াল জামায়াতের সম্পূর্ণ বিপরীত। যেহেতু দস্তরের (গঠনতন্ত্রের) ভিত্তিতে জামায়াত প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়ে থাকে, এ জন্যই মওদুদী জামায়াতের গঠনতন্ত্রের "সদস্য হওয়ার শর্তঃ অধ্যায় লিখিত আছে–

প্রথম শর্তঃ জামায়াতের মূল বিশ্বাস (এতেক্বাদ) কে উল্লিখিত ব্যাখ্যা অনুসারে বুঝে নেয়ার পর একেই তার আক্বিদা ও বিশ্বাস বলে ঘোষণা করতে হবে। সচেতন ভাবে ইহা নতুন করে পাঠ করতে ও সাক্ষ্য দিতে হবে।

এবং উক্ত গঠনতন্ত্রের "সদস্যদের শপথ" অধ্যায়ে ২ নং ধারায় লিখিত আছে–

দ্বিতীয় শর্তঃ জামায়াতের গঠনতন্ত্র এবং মজলিসে শুরার নিয়মপ্রণালী সবসময় মেনে চলতে বাধ্য থাকব।

কাজেই মওদুদী জামায়াতের গঠনতন্ত্রে সন্নিবেশিত আহলে সুন্নাত ওয়াল জামায়াতের বিপরীত আক্বীদাসমূহ নিজের আক্বীদা হিসেবে গ্রহণ করা ব্যতীত কারোও পক্ষে মওদুদী জামায়াতের সদস্য হওয়া আদৌ সমম্ভপর নয়। এমতাবস্থায়, কোন সুন্নী হানাফী মুসলমানের কোনমতেই মওদুদী জামায়াত তথা জামায়াতে ইসলামীর সদস্য হওয়া জায়েয নয়।" [সূত্রঃ মওদুদী জামায়াত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা ৯৬-৯৭।]

235. রাসূল (সাঃ)-এর 'অনুসারী' অর্থাৎ আসহাব (রাঃ) গণ যে সত্যের মাপকাঠি ও সকল মুসলমানদের জন্য আদর্শ সে বিষয়ে মহান আল্লাহ রাব্বুল আলামীন পবিত্র কুরআন শরীফে ইরশাদ করেন,

"সেইদিন (কিয়ামতের দিন) আল্লাহ লজ্জা দিবেন না নবী {হযরত মুহাম্মদ (সাঃ} এবং তার মু'মীন আসহাব (রাঃ) গণকে (সঙ্গীদিগকে) ও তাদের নূর (জ্যোতি) তাদের সম্মুখে ও ডানদিকে (অর্থাৎ চতুর্দিকে ধাবমান) বা বিকীর্ণ থাকবে।" [কোরআন-৬৬ (সূরা তাহরীম)ঃ আয়াত ৮]

"কাহারও নিকট সৎপথ প্রকাশিত হওয়ার পর সে যদি হযরত রাসূলুল্লাহ (সাঃ) এর বিরুদ্ধাচরণ করে এবং মু'মিনদের (আসহাবগণের) অনুসৃত পথের বিপরীত চলে আমি তাকে ঐ দিকে চলিতে দিব, যে দিকে সে চলিতে চায়। কিন্তু অবশেষে আমি তাকে জাহান্নামে দগ্ধ করিব এবং জাহান্নাম অতি নিকৃষ্টতর আবাসই বটে।" [কোরআন-৪ (সূরা-নিসা)ঃ আয়াত ১১৫]

236. পবিত্র কোরআনের উপরোক্ত আয়াত দুইটি অকাট্যভাবে প্রমাণ করে যে, হযরত রাসূলুল্লাহ (সাঃ) ও তাঁর আসহাব (সঙ্গীগণ) (রাঃ) গণই সত্যের মাপকাঠি এবং অনুসরণীয়; সুতরাং জামায়াতের গঠণতন্ত্রের ৬(৬) ধারায় রাসূল (সাঃ) ব্যতীত কাউকে সত্যের মাপকাঠি মনে না করা এবং কাউকে সমালোচনার উর্ধ্বে মনে না করা পবিত্র কোরআন উল্লেখিত মহান আল্লাহর বাণীর পরিপন্থী।

237. হযরতনগর আলীয়া মাদ্রাসার প্রধান মুহাদ্দিস জনাব মাওলানা আমীনুল হক-এর মতেঃ "পাকিস্তান জামায়াতে ইসলামীর গঠনতন্ত্রের ১৪ পৃষ্ঠায় ৬ষ্ঠ দফায় (বর্তমান গঠনতন্ত্রেও একই বিষয় উল্লেখ আছে) এক আপত্তিকর ইবারত আছে যাহা ইসলামী উছুলকে চরমভাবে আঘাত হানিয়াছে। উক্ত দফা দ্বারা প্রামাণিত হইয়াছে যে, অন্যান্য নবীগণও সত্যের মাপকাঠি নহেন এবং তাঁহাদের সমালোচনা করা যাইতে পারে। সাহাবায়ে কিরাম, যাহারা ধর্মের স্তম্ভ স্বরূপ তাহাদের সমালোচনা করিতে মওদুদী সাহেব কোন প্রকার ত্রুটি করেন নাই। আমি আমার সর্বসাধারণ মুসলমান ভাইদিগকে বিশেষতঃ স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্রদিগকে মওদুদী ফেৎনায় আক্রান্ত না হওয়ার জন্য অনুরোধ জানাইতেছি।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত পৃষ্ঠা-১১৮)

238. মাওলানা মওদুদী তাঁর রচিত বিভিন্ন গ্রন্থে বিভিন্ন নবী-রাসূল, সাহাবা ও আসহাবগণ সম্পর্কে নেতিবাচক মন্তব্য ও সমালোচনা করেছেন এমনকি ইসলাম ধর্ম অনুসারে সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সাঃ) সম্পর্কেও বিরূপ মন্তব্য করতে কুণ্ঠাবোধ করেননি।

239. মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) এর উদ্দেশ্যে জনাব মওদুদী তাফহীমুল কোরআন (বাংলা) ১৯তম খন্ড, (ওরিয়েন্টাল প্রেস কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা ২৮০ এবং খায়রুন প্রকাশনা কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা ২৮৬)-এ মন্তব্য করেছেন যেঃ "আল্লাহ তায়ালার নিকট কাতর কণ্ঠে এই আবেদন করুন, যে কাজের দায়িত্ব আপনাকে দেওয়া হয়েছিল তা সম্পন্ন করার ব্যাপারে আপনার দ্বারা যে ভুলত্রুটি হয়েছে

কিংবা তাতে যে অসম্পূর্ণতা রয়ে গেছে তা যেন তিনি ক্ষমা করে দেন।"

240. তরজমানুল কোরআন, ৮৫তম সংখ্যা, পৃষ্ঠা ২৩০ ও তরজমানুস সুন্নাহ, ৩য় খন্ড, পৃষ্ঠা ৩০৫-এ মন্তব্য করেছেন, "মহানবী (সাঃ) মানবিক দূর্বলতা থেকে মুক্ত ছিলেন না। অর্থাৎ তিনি মানবিক দুর্বলতায় বশীভূত হয়ে গুনাহ করেছিলেন।'

241. তাফহীমুল কোরআন, সুরায়ে নসর-এর তফসীর, এখানে মন্তব্য করেছেন যে, "হযরত মুহাম্মদ (সাঃ) রিসালাতের দায়িত্ব পালনে ত্রুটি করেছেন, তাঁকে ক্ষমা চাইতে হবে।"

অথচ; রাসূল (সাঃ) সম্পর্কে পবিত্র কুরআন শরীফে মহান আল্লাহর বাণী হচ্ছেঃ

"যে রাসুলের আনুগত্য করে সে তা আল্লাহরই আনুগত্য করলো।" (সূরা নিসা-৪৭ঃ আয়াত ৮৪) এবং

"হে মু'মিনগণ! তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর এবং তোমাদের কর্ম ব্যর্থ করো না।" (সূরা মুহাম্মদ-৪৭ঃ আয়াত ৩৩)

এবং

"হে নবী! আমি তো তোমাকে পাঠিয়েছি সাক্ষীরূপে এবং সুসংবাদ দাতা ও সতর্ককারীরূপে; আল্লাহর অনুমতিক্রমে তাঁর দিকে আহ্বানকারীরূপে এর উজ্জ্বল প্রদীপরূপে।" (সূরা আযহাব-৩৩ঃ আয়াত ৪৫-৪৬)

242. তরজমানুল কুরআন রবিউল আওয়াল সংখ্যা, ১৩৬৫ হিজরী-এ মন্তব্য করেছেন, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে মনগড়া কথা বলেছেন এবং নিজের কথায় নিজেই সন্দেহ পোষণ করেছেন। মহানবী (সাঃ)-এর হাদীস সম্পর্কে রাসায়েল ও মাসায়েল, পৃষ্ঠাঃ ৬৭-এ মন্তব্য করেছেন, "হাদীস কিছু লোক থেকে কিছু লোক পর্যন্ত অর্থাৎ মানুষের মুখে মুখে বর্ণিত হয়ে আসছে। এসব বড়জোর সঠিক বলে ধারণা করা যায়, কিন্তু দৃঢ়ভাবে বিশ্বাস করা যায় না। আর একথা স্পষ্ট যে, আল্লাহর দীনের যে সকল বিষয় এতো গুরুত্বপূর্ণ যে, এগুলোর যেগুলোর দ্বারা ঈমান ও কাফেরের মাঝে পার্থক্য নির্ণীত হয়, সেগুলো কয়েকজন লোকের বর্ণনার উপর নির্ভর করে মানুষকে বিপদাপন্ন করা আল্লাহ তা'আলা কখনো পছন্দ করতে পারেন না।ঃ ঐ গ্রন্থের পৃষ্ঠা ২৪৮-এ লিখেছেন যে, 'হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আদত, আখলাককে সুন্নত বলা এবং তা অনুসরণে জোর দেয়া আমার মতে সাংঘাতিক ধরনের বিদয়াত ও মারাত্মক ধর্ম বিকিরণ।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ১৯১-১৯৩)

243. মাওলানা মওদুদী তাঁর তাফহীমুল কোরআন (উর্দু)ঃ ৩য় খন্ড, পৃষ্ঠা ১২৩-এ হযরত আদম (আঃ), তাফহীমুল কুরআনঃ ২য় খন্ড, পৃষ্ঠা ৩৪৪-এ হযরত নূহ (আঃ), তাফহীমুল কোরআন ১ম খন্ড, পৃষ্ঠা ৫৫৮-এ হযরত ইব্রাহীম (আঃ), রাসায়েল ও মাসায়েল ১ম খন্ড, পৃষ্ঠা ৩১-এ হযরত মূসা (আঃ), তাফহীমাতঃ ২য় খন্ড, ২য় সংস্করণ, পৃষ্ঠা ৪২-এ হযরত দাউদ (আঃ), তাফহীমাতঃ ২য় খন্ড, ৫ম সংস্করণ, পৃষ্ঠা ১২২-এ হযরত ইউসুফ (আঃ), তাফহীমুল কুরআন, ১ম খন্ড (সূরা নিসা), পৃষ্ঠা ৮২১-এ হযরত ঈসা (আঃ) সম্পর্কে বিরূপ ও নেতিবাচক মন্তব্য করেছেন। তিনি তাফহিমাত, চতুর্থ সংস্করন, পৃষ্ঠা ২৯৪-এ উল্লেখ করেন যে, 'অনেক সময় সাহাবায়ে কিরামকেও বিভিন্ন মানসিক দুর্বলতা আচ্ছন্ন করে ফেলত।' সাহাবায়ে কিরাম সম্পর্কে মওলানা মওদুদীর এই মনোভাব ও বক্তব্য ঈমান ও আক্বীদার পরিপন্থী। মাওলানা মওদুদী তাঁর 'খেলাফত ওয়া মুলুকিয়াত' গ্রন্থে রাসূলুল্লাহ (সাঃ) এর বিশিষ্ট আসহাব হযরত আবু বকর সিদ্দিক (রাঃ), হযরত ওমর (রাঃ), হযরত ওসমান (রাঃ), হযরত আলী (রাঃ), হযরত মোয়াবিয়া, হযরত খালেদ ইবনে ওলীদ, হযরত আনাস, হযরত আব্দুল্লাহ ইবনে জোবায়ের, হযরত তালহা, হযরত মুগীরা ইবনে মোবা, উম্মুল মুমেনীন হযরত আয়েশা সিদ্দিকা ও হযরত হাফসা (রাঃ) গনের দোষ-ত্রুটি সম্পর্কে বিরূপ ও নিতিবাচক মন্তব্য করেছেন। (সূত্রঃ ইসলাম ও বিদ্য়াতঃ সুফী হাবিবুর রহমান এবং ভুল সংশোধনঃ হযরত মাওলানা শামছুল হক ফরিদপুরী (রঃ), ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত)

244. পবিত্র কোরআনের মূল্যায়ন প্রসঙ্গে জনাব মওদুদী তাফহিমাত, প্রথম খন্ড, পৃষ্ঠা ৩১২-এ মন্তব্য করেছেন, "কুরআন করিম হেদায়েতের জন্য যথেষ্ট; কিন্তু নাজাত বা মুক্তির জন্য নয়।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপ সঙ্কলন ও সম্পাদনাঃ আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১৮)

245. নবী-রাসূলদের পরই সাহাবাদের মর্যাদা। তাঁদের সম্পর্কে রাসূল (সাঃ) বলেছেন, "আমার সাহাবারা নক্ষত্রের মত। তাঁদের মধ্যে যাকে তোমরা অনুসরণ করবে, সঠিক পথ লাভ করবে।ঃ কিন্তু মাওলানা মওদুদী তরজমানুল কুরআন ৩৫শ সংখ্যা, পৃষ্ঠা ৩২৭-এ লিখেছেন যেঃ

"সাহাবায়ে কেরাম সমালোচনার বাহিরে নন। তাদের

দোষ বর্ণনা করা যায়। সাহাবাদের সম্মান করার জন্য যদি ইহা জরুরী মনে করা হয় যে, কোন ভাবেই তাদের দোষ বর্ণনা করা যাবে না তবে আমার (মওদুদী) দৃষ্টিতে ইহা সম্মান নয় বরং মূর্তি পূজা। যার মূলোৎপাটন এর লক্ষ্যেই জামায়াতে ইসলামীর জন্ম।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ১৯২)

246. মাওলানা মওদুদী সাহাবাগণ সম্পর্কে তরজমানুল কোরআন, ৩৫তম সংখ্যা, পৃষ্ঠা ৩২৭-এ আরো বলেছেন, "সাহাবায়ে কিরামের অনেকে মনগড়া হাদীস বর্ণনা করেছেন এবং অনেক সময় সাহাবাদের মধ্যেও মানবিক দুর্বলতা প্রাধান্য লাভ করতো।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপ সঙ্কলন ও সম্পাদনাঃ আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১৯)

247. তিনি তাফহিমাত, ২য় খন্ড, পৃষ্ঠা-১৫৫ লিখেছেন, "সাহাবাদের মধ্যে জাহিলিয়াতের বদস্বভাবের পুনরাবৃত্তি ঘটে।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপ সঙ্কলন ও সম্পাদনাঃ আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১৯)

248. মাওলানা মওদুদী তাঁর বিভিন্ন লেখনীর মাধ্যমে হাদিসবীদগণেরও কঠোর সমালোচনা করেছেন। তিনি তাফহিমাত, পৃষ্ঠা ২৮৬-২৯২-এ লিখেছেন, "প্রত্যেককে হাদিসের ইমামদের অন্ধ অনুকরণ করতে হবে, কিংবা তাঁদেরকে ভুলত্রুটি মুক্তমনে করতে হবে, এ ধারণা কখনো আমি সমর্থন করিনি। এমনকি আমি কখনো এই দাবি করিনি যে, প্রত্যেক কিতাবে যে বর্ণনা 'রাসূলুল্লাহ বলেছেন' দ্বারা শুরু হয়েছে, চোখ বুঝে তা রাসূলের হাদীস হিসেবে মেনে নিতে হবে।.... মাহাদ্দিসদের উপর ভরসা করা কতটা ঠিক হবে? কারণ তাঁরাও তো মানুষই ছিলেন। মানুষের জ্ঞানের যে সীমানা আল্লাহ প্রকৃতিগতভাবে নির্ধারণ করে রেখেছেন, তাঁরা তা অতিক্রম করতে পারেননি। মানুষের কাজে স্বভাবজাত যেসব ভুলত্রুটি থেকে যায় তাদের কাজও তা থেকে নিরাপদ ছিলো না" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-২১)

249. হযরত ইমাম গাযযালী (রঃ)-এর সমালোচনা করে মাওলানা মওদুদী তাজদীদ ও এহইয়ায়ে দ্বীন, পৃষ্ঠা ৪৫-এ লিখেছেন, "ইমাম গাযযালীর সংস্কারমূলক কাজে জ্ঞানগত ও চিন্তাগত দিক থেকে কয়েকটি ত্রুটিও ছিলো। এগুলো তিনটি শিরোনামে বিভক্ত করা যেতে পারে। প্রথমত, ইলমে হাদীসে দুর্বলতার দরুন তাঁর গবেষণায় কতকগুলো ত্রুটি দেখা দেয়। দ্বিতীয়ত, তাঁর মধ্যে দর্শনের প্রাধান্য থাকায় কতকগুলো গবেষণায় ত্রুটিবিচ্যুতি দেখা দেয়। তৃতীয়ত, তাসাউফ বা অধ্যাত্মবাদের প্রতি তাঁর প্রয়োজনাতিরিক্ত আকর্ষণ থাকার দরুন সৃষ্ট ত্রুটিবিচ্যুতি।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-২২)

250. মাওলানা মওদুদী'র ইসলামের নামে এ ধরনের ইসলাম বিরোধী মন্তব্য ব্যাখ্যা করে মুসলিম বিশ্বের অন্যতম মনীষী তাবলীগ জামাতের প্রতিষ্ঠাতা হযরত মওলানা যাকারিয়া (রঃ) লিখেছেন, "আমার মতে মওদুদী সাহিত্যের সবচেয়ে মারাত্মক ও ভয়ংকর দিক হলো পবিত্র কুরআনের মনগড়া ব্যাখ্যা। মওদুদী সাহেব নিজে স্বীকার করেছেন, 'নিজের তফসীর লেখার সময় তিনি মনকুলাত বা হাদীস ও পুরনো তাফসীর গ্রন্থরাজির প্রতি দৃষ্টিপাত করা প্রয়োজন মনে করেননি।' তাঁর তফসীরের শুরুতে তিনি লিখেছেন, "কুরআন পড়ে আমি যা বুঝেছি, আমার মনে যে প্রভাব পড়েছে হুবহু তাই আমি নিজের ভাষায় প্রকাশ করার চেষ্টা করেছি।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-২৩)

251. বাংলাদেশের বিশিষ্ট আলেম জনাব মাওলানা আবদুল আউয়াল রাসুল ও নবীগণ এবং সাহাবাগণ সম্পর্কে বিভিন্ন ধরনের সমালোচনা ও বিরূপ মন্তব্য করায় তিনি মাওলানা মওদুদী সম্পর্কে লিখেছেন যে, "অবশ্য জীবিত রুশদীর চেয়ে মৃত মওদুদী উপমহাদেশের মুসলমানদের জন্য বেশি ক্ষতিকর। কারণ ইতিমধ্যে মওদুদীর অনুসারীরা তাকে মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ মুজাদ্দিদ বলে স্লোগান দিতে শুরু করেছেন। অন্তত বাংলাদেশে মৃত মওদুদীর রচনাবলি নিষিদ্ধ ঘোষণা করাই হবে তার কৃতকর্মের সঠিক বিচার। এজন্য দেশের সচেতন নাগরিক, বিশেষ করে আলেম সমাজকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। আর এটা করা আলিম সমাজেরই ধর্মীয় ও নৈতিক দায়িত্ব।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-২৭)

252. মওদুদী ও তাঁর জামায়াত সম্পর্কে দারুল-উলূম দেওবন্দ থেকে বিভিন্ন সময়ে একাধিক ফতোয়া প্রকাশিত হয়েছে। সেখানকার শীর্ষস্থানীয় আলেমগণ ব্যক্তিগতভাবেও তাঁদের অভিমত প্রকাশ করেছেন। একটি ফতোয়ায় উল্লেখ করা হয়েছে যে, 'মওদুদী আন্দোলন হলো ধ্বংসসাধনকারী ও জীবন সংহারক বিষ। মওদুদীর

অনুসারীরা পথভ্রষ্ট। তাদের পিছনে নামায পড়বে না।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৬)

253. অপর একটি ফতোয়ায় মওদুদীর বই পুস্তক ও তাঁর সংগঠন জামায়াত সম্পর্কে বলা হয়েছে, 'মওদুদী জামায়াত ও এই দলের বই পুস্তকের দ্বারা সাধারণ মানুষের মধ্যে ইমামদের অনুসরণের প্রতি অনীহা ও সম্পর্কহীনতার সৃষ্টি হয়। আর এটা সাধারণ মানুষের ধ্বংস ও পথভ্রষ্টতা ডেকে আনে।' এই ফতোয়ায় স্বাক্ষর উপমহাদেশের বিশিষ্ট আলেম সর্বজনাব মওলানা মুফতি কেফায়েত উল্লাহ, মাওলানা হোসাইন আহমদ মাদানী, মোহাম্মদ তৈয়ব, মুহতামিম (পরিচালক) দারুল উলূম দেওবন্দ, মাওলানা আব্দুল লতিফ, মুহতামিম (পরিচালক), উলুম সাহারানপুর প্রমুখ। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৭)

254. দারুল উলূম দেওবন্দের প্রধান মুফতি হযরত মাওলানা সৈয়দ মাহদী হাসান অপর একটি ফতোয়ায় মওদুদী জামাত সম্পর্কে বলেছেন, "এই আন্দোলনে মুসলমানদের শরীক হওয়া কখনো উচিত হবে না। এটা তাদের জন্য জীবন সংহারক বিষ। মানুষকে এই আন্দোলনে শরীক হওয়া থেকে বিরত রাখতে হবে। নতুবা তারা গোমরাহ হয়ে যাবে। এটা তাদের জন্য কল্যাণের পরিবর্তে ক্ষতিকর। শরিয়তের দৃষ্টিকোণ থেকে এই আন্দোলনে অংশগ্রহণ মোটেও জায়েয নয়। যে ব্যক্তি এই জামাতের লক্ষ্য ও উদ্দেশ্য প্রচার-প্রসার করে সে কল্যাণের পরিবর্তে পাপ কাজ করে। সে এ ক্ষতিকর প্রভাব থেকে নিজেকে নিরাপদ রাখতে পারে না এবং মানুষকে পাপের দিকে আহ্বান জানিয়ে থাকে। যদি কোন মসজিদের ইমাম মওদুদী সাহেবের সমমনা হয়, তাহলে তার পিছনে নামাজ পড়া মাকরূহ।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৭)

255. জামায়াত সম্পর্কে শায়খুল ইসলাম হযরত মাওলানা হোছাইন আহমেদ এর ফতোয়া হলোঃ

> "দ্বীনের ব্যাপারে এই জামায়াতের সাথে ওলামায়ে কিরামের এখতেলাফ। ইহা একটি বদ-দ্বীন জমায়েত। অর্থাৎ মুখোশধারী ধর্মের ক্ষতিকারক জামাত।"

তিনি আরো বলেছেন,

> "জামায়াতে ইসলামী তথা মওদুদী জামাত একটি গোমরাহ জামাত। তার আকায়েদ আহলে সুন্নাত অল জামায়াত এবং কুরআন ও হাদীসের খেলাফ।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৯৪)

256. আহলে হাদীস জামাতের নেতা ও বিশিষ্ট আলেম হযরত মওলানা আবদুল মজিদ বলেছেন, 'আমি যতদূর পর্যন্ত মাওলানা মওদুদীর বই পুস্তক পড়েছি এবং তার ধ্যান-ধারণার অনুসন্ধান করেছি, তাতে তাকে পথভ্রষ্ট পেয়েছি। আমি দোয়া করি আল্লাহ তায়ালা তাকে তার ধ্যান-ধারণা পরিত্যাগ ও তওবা করার সামর্থ্য দান করুন।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির' ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৮)

257. তাবলীগ জামাতের প্রতিষ্ঠাতা হযরত মাওলানা ইলিয়াস সাহেবের উত্তরসূরী তাঁর পুত্র হযরত মাওলানা মোঃ ইউসুফ সাহেব মওদুদী জামাতের কয়েকজন সদস্যের সাথে আলোচনা প্রসঙ্গে বলেছেন, 'মওদুদী জামাত একটি রাজনৈতিক ও ক্ষমতালোভী দল। তারা এমন জিনিসের প্রত্যাশী যা শরিয়তের দৃষ্টিতে পরিত্যাজ্য'। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ারা কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৮)

258. বেরেলবীর বিশিষ্ট আলেম হযরত মাওলানা মোস্তফা খান সাহেব বেরেলবী ও মাওলানা সাইয়েদ আফজাল হোসাইন, মুফতি, দারুল উলুম মানজারুল ইসলাম বেরেলবী মওদুদী জামাত ও তাঁর ধ্যান-ধারণা সম্পর্কে একটি ফতোয়া প্রদান করেন। তাতে তাঁরা বলেন–'কিছুদিন আগে এক ব্যক্তি মওদুদীর ভাষণের প্রথম খন্ডটি আমাদের নিকট নিয়ে আসে। আমরা তা গভীরভাবে দেখি। তাতে আমরা এই সিদ্ধান্তে পৌছি যে, তিনি ইসলামের প্রচার প্রসার ও উন্নতি বিধানের দাবি করে থাকেন। কিন্তু মূলত তার আন্দোলন ইসলামে ছিদ্র-অন্বেষণ, মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি ও কুফরী ও কাফেরী ছাড়া কিছু নয়। তিনি ইসলামের ভিন্ন অর্থ করে থাকেন। সাধারণ মুসলমানদের তিনি মুসলমান মনে করেন না। তিনি জন্মগত মুসলিম সন্তান-সন্ততিকে বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্যন্ত মুসলমান স্বীকার করেন না। তিনি বলেন, ইসলাম প্রকৃতিগত ধর্ম নয়। অজ্ঞ মুসলমানেরা তাঁর মতে মুসলমান নয়। শুধু তাই নয়, তিনি বলেন, অজ্ঞদের মুসলমান হওয়া অসম্ভব ব্যাপার। ..... মোট কথা, মওদুদী সাহেবের আন্দোলন মুসলমানদের জন্য অত্যন্ত বিপজ্জনক। তাঁর আন্দোলন কোন নতুন আন্দোলন নয়। পুরনো খারেজী ধ্যান-ধারণাই নতুন রূপ ধারণ করেছে।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক

প্রকাশিত, পৃষ্ঠা-৫৮-৫৯)

259. ভারতের বেরেলবীর অপর একজন বিশিষ্ট আলেম মাওলানা সাইয়েদ মোঃ রেজওয়ান মওদুদী সম্পর্কে বলেছেন, "মৌলবি মওদুদী সাহেবের বিভিন্ন উদ্ধৃতি পাঠ করে আমি এই সিদ্ধান্তে পৌছেছি যে, তাঁর মস্তিস্ক সর্বজনমান্য মনীষীবৃন্দ ও আম্বিয়া কিরামের প্রতি বেআদবী ও ধৃষ্টতায় পরিপূর্ণ। বিশ্ব মুসলিমদের প্রতি আমার অনুরোধ তার বিশ্বাস ও ধ্যান-ধারণা থেকে সতর্ক থাকুন। তাকে গোলাম আহমদ কাদিয়ানী ও গোলাম আহমদ পারভেজদের মত ইসলামের চরম শত্রু গণ্য করুন। কেউ তাঁর প্রতারণার শিকার হবেন না।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৯)

260. উপমহাদেশের বিশিষ্ট মুহাদ্দিস মাওলানা সাইয়েদ আহমদ কাজেমী মওদুদী সাহেবের সাথে দীর্ঘ আলাপ-আলোচনা করেন। এই আলোচনা পুস্তকাকারে প্রকাশিত হয়। জনাব কাজেমী মওদুদী ধ্যান-ধারণা সম্পর্কে বলেছেন, "মওদুদী সাহেব নিজেকে একজন পূর্ণাঙ্গ মুজাদ্দিদ ও মাহদী মনে করেন। কিন্তু কৌশলগত কারণে তা প্রকাশ করছেন না। সময়মত তা প্রকাশ পাবে। তাতে করে মুসলমানদের সামনে আর একটা ফেৎনার দ্বার খোলা হবে। সুতরাং এই আন্দোলনে যোগদান বা সাহায্য করা নিজের ধর্ম বিশ্বাসকে বিপদে ঠেলে দেয়ার নামান্তর।ঃ (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৯)

261. অল-ইন্ডিয়া আহলে হাদিস কনফারেন্সের সভাপতি বিশিষ্ট মুহাদ্দিস মাওলানা আব্দুল ওহাব বলেছেন, "আমি আহলে হাদীস ভাইদের অনুরোধ করছি তারা যেন নিজেদেরকে এই সংক্রামক ব্যাধি থেকে রক্ষা করে। নতুবা এই ব্যাধি শুধু তাদেরকে নয় পুরো আহলে হাদীস জামাতকে ধ্বংস করে দিবে। শুধু জোরে 'আমিন' বলা 'রাফে ইয়াদাইন' করাই আহলে হাদীসের কাজ নয়, যতক্ষণ পর্যন্ত নিজেদের আকায়েদ বা বিশ্বাস সংশোধন না করবে এবং পূর্ববর্তী মনীষী ও বুযুর্গদের দ্বীনের পথ আকড়ে না ধরবে ততক্ষণ দ্বীন ও নাজাত লাভ করা কঠিন হবে। সুতরাং বীরত্বের সাথে জামাতে ইসলামীর মোকাবিলা করতে হবে এবং তার শক্তি নিশ্চিহ্ন করে দিতে হবে।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৫৯)

262. চট্টগ্রাম হাটহাজারী দারুল উলূম মাদ্রাসার মুফতি হযরত মওলানা ফয়জুল্লাহ, যিনি বাংলাদেশের মুফতীয়ে আজম হিসেবে পরিচিত, তিনি মওদুদী জামায়াত সম্পর্কে একটি ফতোয়া প্রদান করেন। তাতে তিনি বলেছেন, "মাওলানা মওদুদী আহলে সুন্নাত ওয়াল জামাতের নীতি ও মতবাদ বিরোধী বিভ্রান্তিকর ও ত্রুটিপূর্ণ ধ্যান-ধারণা পোষণকারী। তাঁর অধিকাংশ লেখায় বিগত মনীষী, সাহাবা-কিরাম, তাবেয়ীন, ইমাম, মুজতাহিদ ও আওলিয়া কিরামের প্রতি বেআদবী প্রকাশ পেয়েছে। তাঁর ধৃষ্টতামূলক আক্রমন থেকে মহান নবী-রাসূলগণও রেহাই পাননি। সুতরাং এই দলের সাথে ওঠা-বসা, সংশ্রব রাখা মুসলমানদের জন্য কোন অবস্থায় জায়েজ নয়।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬০)

263. তিনি আরো বলেছেন,

"জামায়াতে ইসলামীতে শরীক হওয়া জীবন ধ্বংসকারী বিষপান তুল্য" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১২১)

264. বিশিষ্ট মুহাদ্দিস হযরত যাকারিয়া (রঃ) মওদুদী জামাত সম্পর্কে 'ফিতনায়ে মওদুদীয়াত' শীর্ষক বইয়ে মওদুদী'র জামাত সম্পর্কে মন্তব্য করেছেন, 'আমি এই ভ্রান্ত দলে যোগদান করা হারাম মনে করি। তাঁদের বই-পুস্তক পাঠ করা অত্যন্ত ক্ষতিকর। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬০)

265. খেলাফত আন্দোলনের প্রতিষ্ঠাতা হযরত মাওলানা মোহাম্মদ উল্লাহ হাফেজ্জী হুজুর মওদুদী'র জামাত সম্পর্কে মন্তব্য করেছেন যে, 'মওদুদী ফেৎনা একটি জটিল ফেৎনা এবং মওদুদী সাহেবের "জামায়াতে ইসলামী" প্রকৃতপক্ষে ইসলামের মূলৎপাটন প্রয়াসী একটি দল। তিনি মুসলমানদেরকে ইসলামের মুখোশধারী এই দল থেকে দূরে থাকার আহ্বান জানান। তিনি জামায়াত সম্পর্কে সতর্ক বাণী' শিরোনামে একটি পুস্তক লিখেন। তাঁর লিখিত এই পুস্তকে বাংলাদেশের শীর্ষস্থানীয় ৪৫২ জন আলেম অভিন্ন মত প্রকাশ করে স্বাক্ষর করেন। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬১ ও ১২৪)

266. ঢাকা আলীয়া মাদ্রাসার প্রাক্তন হেড মাওলানা ও জাতীয়

মসজিদ বায়তুল মোকাররম-এর খতিব মওলানা উবায়দুল হক মওদুদী জামাত সম্পর্কে অভিমত দান প্রসঙ্গে বলেছেন, 'একথা সত্য যে, কোন ব্যক্তি বা তার কাজকে সমালোচনার বিষয়বস্তুতে পরিণত করা ঠিক নয়। তথাপি তার ভ্রান্তিপূর্ণ পুস্তকাদির দ্বারা সাধারণ নব্য শিক্ষিত লোকদের মধ্যে গোমরাহী বিস্তার লাভ করেছে, এমন মুহূর্তে হক কথা না বলে নীরব দর্শকের ভূমিকা পালন করা আমার নিজের ব্যাপারে এক মারাত্মক অপরাধ বলে মনে করি।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬২)

267. তিনি আরো বলেছেন, 'জামাত বস্তুতপক্ষে একটি রাজনৈতিক দল। ইসলামী ছাত্র শিবির উক্ত রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন যারা জামাতের মতাদর্শ প্রচারের জন্য কাজ করে। প্রত্যক্ষভাবে রাজনীতির সঙ্গে জড়িত না থাকার কারণে তাদের রাজনৈতিক দর্শন সম্পর্কে আমার কিছু বলা ঠিক হবে না। তবে এখানে স্মরণ করা যেতে পারে জামায়াতে ইসলামীর চিন্তাধারা আক্বিদা এবং কর্মসূচি সম্পর্কে বিভিন্ন সময়ে মাওলানা হোসেন আহমেদ মাদানী, মুফতি মোঃ শফি, মাওলানা মোঃ ইউসুফ বিন নূরী, মাওলানা আবুল হাসান আলী সাফায়ী প্রমুখ ওলামায়ে কিরামগণ সমালোচনা করে এসেছেন এবং বিভিন্ন বই-পুস্তকের মাধ্যমে জামাতের মতাদর্শগত আক্বিদাগত ভুল-ত্রুটি চিহ্নিত করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় জামাতে ইসলামের নেতৃবৃন্দ এবং কর্মীরা এসকল বিখ্যাত ওলামায়ে কিরামদের প্রতিবাদ সত্ত্বেও নিজ মত ও পথের কোন পরিবর্তন করতে কখনও রাজি হয়নি। বিভিন্ন ব্যাপারে ভ্রান্ত ধারণার ওপর অবিচল থাকার মনোভাব এবং বিশেষ করে ইসলামের মতাদর্শগত ব্যাপারে দলীয় একগুয়েমীর কারণে জামাতে ইসলামকে সমর্থন করা প্রথিতযশা ওলামায়ে কিরামদের পক্ষে সম্ভব হয়ে উঠছে না। এসব ভ্রান্ত ধারণার ব্যাপারে আমি কোন নতুন মন্তব্য করার প্রয়োজনবোধ করি না। বরং উপমহাদেশের বরেণ্য ওলামায়ে কিরামগণ যারা ইসলাম সম্পর্কিত জামাতে ইসলামের ভ্রান্ত ধারণা ভুল ব্যাখ্যার সমালোচনা প্রতিবাদ করে আসছেন, তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করছি।'(সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬৭-৬৮)

268. ইসলাম সম্পর্কে মাওলানা মওদুদী'র ব্যাখ্যা সম্পর্কে মালিবাগ মাদ্রাসার প্রিন্সিপাল মওলানা কাজি মুতাসিম বিল্লাহ বলেন- 'ইসলাম কি তা বুঝলেই মওদুদীবাদ কতটুকু ইসলামবিরোধী তা বোঝা যাবে। কুরআন হাদীসের আলোকে ইসলাম বলতে এক আল্লাহ রাব্বুল আলামীনের রবুবিয়াত বা প্রভুত্ব স্বীকার করে নেয়া এবং হযরত মুহাম্মদ (সাঃ) নির্দেশিত পথে আল্লাহর ইবাদত বন্দেগী করাকে বোঝায়। অথচ মওদুদীর কাছে ইবাদত বন্দেগী বা নামাজ রোযা মূখ্য নয়, তার কাছে ইসলামের মূল লক্ষ্যই ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা। সে মনে করত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা হয়ে গেলেই ক্ষমতার জোরে শক্তির জোরে ইসলামকে প্রতিষ্ঠা করা যাবে।' (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬৩)

269. তিনি আরও মন্তব্য করেন যে-'ইসলামের বিকৃত ব্যাখ্যা প্রদান করে মওদুদী এবং তার অনুসারী জামাত মানুষের মনকে বিষিয়ে দিয়েছে। সন্ত্রাসের জোরে ইসলাম প্রতিষ্ঠা করতে গিয়ে তারা ইসলাম সম্পর্কে মানুষের মনে অশ্রদ্ধার সৃষ্টি করেছে। আলেম সমাজ মনে করে এ দেশে ইসলামের গ্রহণযোগ্যতা এবং ব্যক্তিজীবনে ইসলামের মাধুর্য প্রতিষ্ঠার বিরুদ্ধে মওদুদী এবং জামাতের ফ্যাসিস্ট রাজনীতি বড় বাধা। আল্লাহ রাসূলের ইসলাম থেকে সরে তারা এমনভাবে ইসলামকে উপস্থাপন করছে যাতে মনে হয় ইসলামে ক্ষমতা দখলই মুখ্য ব্যাপার, মানবতা প্রতিষ্ঠা বা গরীব শোষিত মানুষের মুক্তির ব্যাপারে ইসলাম উদাসীন। এভাবে জামাত নিজের যেমন প্রগতিশীল মুক্তমনাদের শত্রুতে পরিণত হয়েছে তেমনি ইসলাম সম্পর্কেও তাদের মনে বিরূপ ধারণার সৃষ্টি করেছে। এ কারণে আমি মনে করি মওদুদীবাদী এবং জামাত রাজনীতিতে এদেশে ইসলামের জন্য বিরাট বিষফোঁড়া আছে।ঃ (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬৫)

270. মাওলানা মওদুদী'র জামায়াত সম্পর্কে দেশ বরেণ্য আলেম শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক মন্তব্য করেছেন যে, "স্বার্থান্ধের পক্ষে সব কিছু করাই সম্ভব। শুধুমাত্র দুনিয়ার ক্ষমতা কুষ্ঠিগত করার হীন মানসে তারা ইসলামের মূল ভিত্তিকে কুঠারাঘাত করে নড়বড়ে করে দিয়েছে দ্বীনের সৌধকে। পরিতাপ এই জন্য যে, এক্ষেত্রে ব্যবহার করেছে তারা ইসলামকেই। নিঃসন্দেহে তারা সীমালঙ্ঘনকারী, তারা বাতিল। শুধরে নেবার যোগ্যতা তারা হারিয়ে ফেলেছে। মিথ্যার বেসাতী করতে গিয়ে তারা সম্পূর্ণই অসত্যের উপর অবস্থান নিয়েছে। বাতিলের উপর জঁাঘন্য দৃঢ়তা। মাওলানা মওদুদী এবং তাহার পদলেহীরা দলিল প্রমাণ, সমালোচনা, অনুরোধ কোনটিরও মূল্য দেয় না" (শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক; বোখারী শরীফ, পরিশিষ্ট, পৃষ্ঠাঃ ২৪২)

271. দেশের বিশিষ্ট আলেম ও ইসলামী চিন্তাবিদ মাওলানা ফজলুল হক আমিনী বলেছেন যে, 'যে মওদুদীবাদের উপর ভিত্তি করে জামায়াতের' রাজনীতি প্রতিষ্ঠিত সেই মওদুদী আক্বিদাকে আমাদের বুযুর্গানেদীন অলি আল্লাহরা ভ্রান্ত মতবাদ বলে মত প্রকাশ করেছেন। ইসলাম যেহেতু পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা তাই তাতে রাজনৈতিক অবকাশ আছে। কিন্তু এ ক্ষেত্রে জামাতের ব্যাখ্যা ইসলাম সম্মত নয়। জামাতের রাজনীতি অনুযায়ী দীন হচ্ছে রাজনীতির আওতাধীন। এটা ঠিক নয়। প্রকৃতপক্ষে রাজনীতিই দীনের আওতাধীন, ইসলামী রাজনীতির সঠিক নাম খেলাফত-অর্থাৎ একামতে দীনের জন্য এমন নেতৃত্ব সৃষ্টি করা যা বিশ্বনবীর প্রতিনিধি হিসেবে কাজ করবে।

272. তিনি বলেছেন, 'ইসলামের নামে সন্ত্রাস করা মোটেও জায়েয নয়। এতে ইসলামের ভূল ব্যাখ্যা হয়। রাজনৈতিক প্রতিপক্ষের আক্রমণের সময় 'মরলে শহীদ-বাঁচলে গাজী' এধরনের শ্লোগান জামাত রাজনীতিতে রয়েছে বলে অভিযোগ শোনা যায়। এখন প্রশ্ন হচ্ছে সেই মৃত্যু আদৌ ইসলামের জন্য কি, নাকি রাজনীতির জন্য? (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬৬-৬৭)

273. দেশের অপর বিশিষ্ট আলেম জমিয়াতুল মোদার-রেসিনের সাবেক সভাপতি মাওলানা আবদুল্লাহ বিন সাঈদ জালালাবাদী বলেছেন, "মওদুদীর এসব ধ্যান-ধারণার ফসল জামাতে ইসলামীর রাজনীতি পর্যালোচনা করলেও দেখা যায় রাজনৈতিক স্বার্থসিদ্ধির জন্য তারা ইসলামের সুবিধাবাদী ব্যাখ্যা দিয়ে এসেছে। এক সময়ে তারা বলত বর্তমান সিস্টেমে ভোট প্রার্থী হওয়া জায়েয নয়, বিচার ব্যবস্থার প্রচলিত কাঠামোও অনৈসলামিক। পরবর্তীতে এসব প্রক্রিয়াতেই তারা একীভূত হয়েছে, এসবের সমর্থন করেছে। নারী নেতৃত্বের বিরোধীতা করে পরে ফাতেমা জিন্নাহর পক্ষে সারা পাকিস্তানে ক্যানভাস করেছে, জিন্নাহর ছবি নোটে ছাপানোতে আপত্তি করে পরে নির্বাচনী প্রচারের সময় ভাউচারে জিন্নাহর ছবিই ব্যবহার করেছে।.....। ৪৮ সনের দিকে কাশ্মীর যুদ্ধের সময় উপজাতীয়দের পক্ষে যখন মুসলমানরা যুদ্ধ করছিল তখন অল-ইন্ডিয়া রেডিও থেকে মওদুদীর ফতোয়া প্রচারিত হয়-যারা কাশ্মীর যুদ্ধে মারা যাবে তারা কুকুরের মৃত্যুবরণ করবে। এ সম্পর্কে মওদুদীর ব্যাখ্যা ছিল, পাকিস্তান যুদ্ধ ঘোষণার আগে সেখানে মুসলমানরা যুদ্ধকরে বেআইনি কাজ করছে, তাই তাদের মৃত্যু কুকুরের মৃত্যু হবে।.....। উপমহাদেশে প্রায় পৌনে দু'শ কিতাব গ্রন্থিত রয়েছে জামাতের আদর্শিক ভিত্তি মওদুদীবাদের বিরুদ্ধে। উপমহাদেশের সমস্ত আলেম উলামাদের মতে-আক্বিদা ইবাদত আখলাক মোয়ামেলাত, মোয়াশেরাত ইসলামের এই পাঁচটি মৌলিক বিষয়ের মধ্যে আক্বিদা এবং ইবাদত বিষয়ে মওদুদীর ব্যাখ্যা ইসলামের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-৬৮-৬৯)

274. চট্টগ্রাম দারুল উলুম মঈনুল ইসলাম, হাটহাজারী মাদ্রাসার এক ফতোয়া-এ উল্লেখ করা হয় যে, "সুতরাং (মওদুদী ও তার অনুসারী) এই দলের সঙ্গে চল-মিল, উঠা-বসা সর্বপ্রকার সংশ্রব মুসলমানদের জন্য কিছুতেই জায়েয হবে না।..... .....। এই জামায়াতের সদস্য হওয়াও জায়েয নয়।" ৫ যিলকদ ১৩৮৬ হিজরী এই ফতোয়ার সমর্থনে ১৭ জন বিশিষ্ট আলেম ও ইসলামী চিন্তাবিদ স্বাক্ষর করেন, তাঁদের অন্যতম হলেন বর্তমান হেফাজতে ইসলাম-এর আমীর হযরত মাওলানা আহমদ শফী। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ১০৯-১১০)

275. মাওলানা শামছুল হক ফরিদপুরী, যিনি জামায়াতের রাজনীতির সঙ্গে প্রায় ১৮(আঠারো) বছর সম্পৃক্ত ছিলেন, তিনি তাঁর 'ভুল সংশোধন' নামক গ্রন্থে মাওলানা মওদুদী তাঁর মতবাদ প্রচারের ক্ষেত্র প্রস্তুত করার জন্য আম্বিয়ায়ে কিরাম আলাইহিমুসসালাম, রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মহান সাহাবায়ে কিরাম রাজিয়াল্লাহু আনহুম এবং তাদের সুযোগ্য পরম নিষ্ঠাবান, সত্যসাধক, অনুসারী-তাবেয়ীন, তাবেতাবেয়ীন, আইম্মায়ে মুজতাহিদীন ও বুযুর্গানেদীন প্রভৃতি, উম্মতের পরম হিতৈষী শ্রদ্ধাভাজন ব্যক্তিবর্গের সম্পর্কে যে সব মন্তব্য করেছেন তার কঠোর সমালোচনা করে মন্তব্য করেছেন যে, 'যাবত পর্যন্ত জামায়াতে ইসলামী জামায়াতের মুলনীতিতে এই ঘোষণা দিয়া না দিবেন যে, 'আমরা মওদুদী সাহেবের ঐ ভুলসমূহ সম্পূর্ণ বর্জন করিয়াছি' তাবত পর্যন্ত জামায়াতে ইসলামীতে যোগদান করা, কাজ করা কোন মুসলমানের জন্য জায়েয হইবে না। যাহারা সাহাবায়ে কেরামদের দোষ চর্চায় লিপ্ত তাহারা যে কেহই হোননা কেন, তাহাদিগকে ইমাম বানাইয়া পিছনে নামাজ পড়া কিছুতেই জায়েয হইবে না।' (সূত্রঃ ভুল সংশোধনঃ হযরত মাওলানা শামছুল হক ফরিদপুরী (রঃ), পৃষ্ঠা-১২৪)

276. শায়খুল হাদীস আল্লামা মুফতী রশিদ আহমদ সাহেব-এর অভিমত হলোঃ (১) জামায়াতে ইসলামী আহলে সুন্নাত থেকে বহির্ভূত এবং স্বীয় বিশ্বাস আকায়েদের কারণে সাধারণ মুসলমানদের থেকে আলাদা একটি দল; (২) তাদের সঙ্গে কোনো প্রকার

সহযোগিতা বৈধ নয়; (৩) তাদের সঙ্গে আত্মীয়তার সম্পর্ক করা বৈধ নয় যদিও বিয়ে বিশুদ্ধ হয়ে যাবে; (৪) এরূপ ব্যক্তিকে ইমাম বানানো জায়েয নয়; যদি কোনো মসজিদে এই আকিদার ইমাম হয় তাহলে প্রভাবশালী ব্যক্তিদের ওপর ফরজ হলো তাদেরকে বিচ্ছিন্ন করার চেষ্টা করা। যদি মসজিদের ব্যবস্থাপকরা ইমাম পরিবর্তনে প্রস্তুত না হন, তাহলে মহল্লাবাসীদের কর্তব্য এরূপ ব্যবস্থাপকদের অপসারণ করে অন্য বিশুদ্ধ আকিদাপন্থী ব্যবস্থাপক নির্বাচন করা। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ১৮৭)

277. সিলেট গাছবাড়ী, জামেউল উলুম মাদ্রাসা-ই আলিয়ার সদরুল মুদার্রেছীন জনাব মাওলানা শফীকুল হক সাহেব জামায়াত সম্পর্কে অভিমত ব্যক্ত করেছেন যে, "আমি মুসলিম সমাজের অবগতির উদ্দেশ্য বলছি যে, আমি জামাতে ইসলামীর আমীর মাওলানা মওদুদী সাহেব ও তার জামাতের অন্যান্য কর্মকর্তাগণ কৃত প্রায় সকল গ্রন্থ ও পুস্তক গভীর মনযোগ সহকারে অধ্যয়ন করেছি। ওই সকল গ্রন্থ ও পুস্তক পুস্তিকা দ্ব্যর্থ বোধক রঙ্গীন বর্ণনাসমূহ দ্বারা সুশোভিত কিন্তু তাতে আধ্যাতিকতা আদৌ নাই। বাহ্যিক দৃষ্টিতে ঐগুলি জ্ঞান বিদ্যায় পরিপূর্ণ বলে মনে হলেও প্রকৃত প্রস্তাবে উহা অজ্ঞতা ও মূর্খতার এ'তেকাদ নষ্ট করার অতি উত্তম হাতিয়ার স্বরূপ। আমীরে আলা কৃত "তাফহীমুল কুরআন" অনেক আয়াতে ব্যাখ্যার ক্ষেত্রে 'তাহরীফুল কুরআন' বৈ আর কিছুই নয়। এই জামাতের কতেক কর্মীদের প্রকাশ্যে আলেম আকারে দেখা যায় এবং তাদের কতিপয় কথাবার্তাও গঠনমূলক বলে মনে হয় কিন্তু তাদের কতিপয় আকায়েদ মো'তাজেলা ও খারেজী সম্প্রদায়ের আকায়েদের চেয়েও নিকৃষ্ট। যার সঠিক ও বিশদ বিবরণ দেশবরেণ্য বিজ্ঞ ওলামায়ে কিরামের লিখিত বহু কিতাবে বিদ্যমান রহিয়াছে। এই জামাতের কর্মকর্তাদের অন্তরে সরকার পরিবর্তন ও গদী দখলের অভিলাষ বিদ্যমান রয়েছে, যা জ্ঞানসম্পন্ন ব্যক্তিবর্গের নিকট অবিদিত নয়। অতএব এই জামাতকে নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিম্ন বর্ণিত হাদীসের নমুনা বললে অত্যুক্তি হবে না।

278. অর্থৎ শেষ জামানায় এমন এক ক্ষীণ জ্ঞান সম্পন্ন যুবক সম্প্রদায় আবির্ভূত হইবে যাহারা (স্বীয় উদ্দেশ্য সাধনের নিমিত্ত) আল্লাহু তা'য়ালা ও তদীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কতিপয় বাণী প্রচার করে বেড়াবে ধর্মের সহিত তাদের সম্পর্ক অতি নগণ্যই থাকবে।" (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১১৬-১১৭)

279. দেশের অপর বিশিষ্ট আলেম হযরত মাওলানা হাফেজ মোহাম্মদ কামাল উদ্দীন সাহেবের অভিমত- "আজ মাওলানা মওদুদী সাহেবের রচনাবলী দেখিলে দিবালোকের ন্যায় পরিষ্কার ধারণা জন্মে যে মাওলানা মওদুদী সাহেব নিজের রায় ও খায়েস অনুসারে পবিত্র কুরআন মজিদ ও হাদিস শরীফের ব্যাখ্যা করেন। আম্বিয়ায়ে কিরাম ও আউলিয়ায়ে কিরাম সম্পর্কে অত্যন্ত বেয়াদবিপূর্ণ শব্দ ব্যবহার করেন এবং আহলে সুন্নাত আল জামায়েতের সমস্ত বিশিষ্ট ওলামায়ে হাক্কানীর আকায়েদ, পথ মত ও আমলের বিরোধীতা করেন। দ্বীন, ঈমান ও ইসলামের হেফাজতের জন্য তামাম মুসলমানদের খেদমতে আমার আরজ আপনাদিগকে এবং আপনাদের পুত্র-সন্তানদিগকে মওদুদী ফেৎনা হইতে দূরে রাখুন। এ পর্যন্ত মওদুদী জামাতের বিরুদ্ধে যত ফতোয়া প্রকাশ করা হইয়াছে আমি উহার সাথে সম্পূর্ণ একমত। বিশেষ করিয়া সম্প্রতি ছারছীনা হইতে যে ফতোয়া প্রকাশ করা হইয়াছে আমি উহার সমর্থনে দস্তখত করিয়াছি। খোদা এই বাতেল ভ্রান্ত জামাতের ফেৎনা হইতে দ্বীন ইসলামকে রক্ষা করুন। আমীন। (সূত্রঃ মওদুদী জামাত ফেৎনার স্বরূপঃ সঙ্কলন ও সম্পাদনা আনোয়ার কবির; ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠা-১১৯)

280. এটা ঐতিহাসিকভাবে সত্য যে, বাংলাদেশ সহ এই উপমহাদেশে মূলতঃ সুফিবাদ অর্থাৎ 'তাসওউফ'-এর মাধ্যমে ইসলাম ধর্মের পরিচিতি ও বিকাশ লাভ ঘটেছে। কিন্তু, মাওলানা মওদুদী তাসাওউফ বা আধ্যাত্মিকতা সম্পর্কেও বিরূপ মন্তব্য করে বলেছেন যে;

> "(ক) তাসাওউফ জাহেলিয়াতের যোগ সাধনা। উহা ওলামা-মাশায়েখ, দরবেশ-পরহেযগার সকলের উপর হামলা করেছে। ফলে তাদের মধ্যে বিভিন্ন দোষ-ত্রুটি বিস্তার লাভ করেছে। (তাজদীদ ও এহইয়ায়ে দ্বীন, ১১৮ পৃষ্ঠা)
>
